ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



◀ 'খেলা হবে' সংলাপ বাদ দেওয়ার গুঞ্জন নিয়ে যা বললেন আলিয়া

পৃঃ ৫



ওয়েস্ট ইন্ডিজে ▶ ভারতের সিরিজ জয়

পৃঃ ৬

Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ২ সংখ্যা ঃ ২১১ ● কলকাতা ● ১৫ শ্রাবণ, ১৪৩০ ● মঙ্গলবার ● ০১ আগষ্ট, ২০২৩ পৃষ্ঠা - ৬ ২ টাকা

## বুদ্ধদেবকে দেখে এলেন মমতা




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যকে দেখতে হাসপাতালে গেলেন মমতা বন্দ্যোপাধ্যায়। সোমবার বিকেলে বিধানসভা থেকে সরাসরি আলিপুরের বেসরকারি হাসপাতালে যান মুখ্যমন্ত্রী। সেখানে চিকিৎসকদের সঙ্গে কথাবার্তা বলেন। বুদ্ধদেবের স্বাস্থ্য সম্পর্কে খোঁজ নিয়েছেন তিনি। সোমবার বিধানসভার প্রশ্নোত্তর পর্বে অংশ নিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা। বিকেলে বিধানসভা থেকে হাসপাতালের পথ ধরে তাঁর গাড়ি। এর আগে শনিবার যখন অত্যন্ত সঙ্কটজনক অবস্থায় বুদ্ধদেবকে ওই হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছিল, তখনও মনে করা হয়েছিল প্রাক্তন মুখ্যমন্ত্রীকে দেখতে আসতে পারেন বর্তমান মুখ্যমন্ত্রী। কিন্তু সে দিন মমতা হাসপাতালে যাননি। হাসপাতাল থেকে বেরিয়ে মুখ্যমন্ত্রী জানান, বুদ্ধদেব তাঁকে দেখে হাত নেড়েছেন। মমতার কথায়, "ওঁর জ্ঞান আছে। হাত নাড়লেন। আমার দেখে মনে হল, অনেকটা সুস্থ হয়েছেন। ভেন্টিলেশন থেকে বার করা হয়েছে। বাইপ্যাপ চলছে। তবে আমি তো চিকিৎসক নই। এর বেশি কিছু বলতে পারব না।"
মুখ্যমন্ত্রীর পাশে দাঁড়ানো এক চিকিতসক এর পর বুদ্ধদেবের শারীরিক পরিস্থিতি সম্পর্কে জানান। তিনি বলেন, "সকাল থেকেই ইনভেসিভ ভেন্টিলেশন থেকে ওঁকে বার করে আনার প্রক্রিয়া চলছিল। একটু আগে সেই প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে।"
চিকিৎসক আরও জানান, বর্তমানে বুদ্ধদেবকে নন-ইনভেসিভ ভেন্টিলেশনে ফিরিয়ে আনা হয়েছে। সর্ব ক্ষণ

এরপর ৩ পাতায়

## বিজেপি নেতাদের বাড়ি ঘেরাও কর্মসূচিতে স্থগিতাদেশ হাইকোর্টের,

# ২১ জুলাই ডাক দিয়েছিলেন অভিষেক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** একুশে জুলাইয়ের মঞ্চ থেকে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আগামী ৫ অগস্ট বিজেপি নেতা-নেত্রীদের বাড়ি ঘেরাওয়ের কর্মসূচির ডাক দিয়েছিলেন। কিন্তু সোমবার সেই কর্মসূচির ওপর স্থগিতাদেশের নির্দেশ দিল হাইকোর্ট ।তারপরই প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম ও বিচারপতি হিরন্ময় ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ জানিয়ে দেয়, আগামী ৫ অগস্ট কোনওরকম ঘেরাও কর্মসূচি করা যাবে না। সাধারণ মানুষের সমস্যা হয় এই ধরনের কোনও কর্মসূচিতেই হাইকোর্ট অনুমতি দিতে পারে না। পাশাপাশি, রাজ্যকে হলফনামা দিয়ে নিজেদের বক্তব্য জানাতে নির্দেশ দিয়েছে প্রধান বিচারপতির ডিভিশন বেঞ্চের ।একুশ জুলাইয়ের মঞ্চ থেকে অভিষেক বন্দ্যোপাধ্যায় ঘোষণা করেছিলেন, একশ দিনের কাজের বকেয়া টাকা চেয়ে এবার বিজেপি নেতাদের বাড়ি ঘেরাও হবে। ৫ অগস্ট বিজেপির বড়, মেজ, সেজ, ছোট সব নেতার বাড়ি শান্তিপূর্ণ ভাবে ঘেরাও করবেন তৃণমূল কর্মীরা। সেই ঘোষণাকে চ্যালেঞ্জ করে হাইকোর্টে মামলা করেছিলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।
সোমবার প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানমের ডিভিশন বেঞ্চে এই মামলার শুনানি ছিল। সেখানেই রাজ্য প্রশাসনের ভূমিকা নিয়ে প্রশ্ন তোলেন প্রধান বিচারপতি। তিনি বলেন, 'প্রশাসন কেন কোনও পদক্ষেপ নিল না?' প্রধান বিচারপতি আরও বলেন, 'কেউ যদি এই ধরনের মন্তব্য করে প্রশাসন কোনও ব্যবস্থা নেবে না? ধরুন কেউ বলল হাইকোর্ট ঘেরাও করবে। তাহলে প্রশাসন কোনও ব্যবস্থা নেবে না?'অভিষেক ঘোষণা করেছিলেন, বুথ থেকে ব্লক, জেলা ও রাজ্য স্তরে সমস্ত

এরপর ৩ পাতায়

## ক্রমশ বাড়ছে মৃতের সংখ্যা,

# বিস্ফোরণে রক্তাক্ত পাকিস্তানে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রবিবার আফগানিস্তান সীমান্তবর্তী পাকিস্তানের খাইবার পাখতুনখোয়া প্রদেশের একটি অশান্ত উপজাতীয় জেলায় একটি ভয়াবহ বোমা বিস্ফোরণ ঘটেছে। একটি কট্টরপন্থী ইসলামী রাজনৈতিক দলের সভাকে লক্ষ্য করে এই হামলা চালানো হয়। এ সময় অন্তত ৪০ জন নিহত ও ২০০ জনের বেশি আহত হয়। বাজাউর আদিবাসী জেলার রাজধানী খারে জমিয়ত উলেমা-ই-ইসলাম-ফজল (জেইউআই-এফ) কর্মী সম্মেলনের সময় বিস্ফোরণটি ঘটে। করাচিতে দুটি কারখানার ছাদ ধসে, ১৪ জন আহত
এদিকে, রবিবার সিন্ধ প্রদেশের শিল্প এলাকায় পৃথক দুটি দুর্ঘটনায় ১৪ জন আহত হয়েছেন। প্রথম ঘটনায় করাচি শহরের কোরাঙ্গি শিল্প এলাকায় একটি দোতলা পোশাক কারখানার ছাদ ধসে ১১ জন শ্রমিক আহত হয়। ঘণ্টাখানেক পর নগরীর লান্ডি রপ্তানি প্রক্রিয়াকরণ এলাকায় একটি ছোট কারখানার ছাদ ধসে তিনজন আহত হয়।স্থানীয় একটি টেলিভিশন চ্যানেলের ফুটেজে বিস্ফোরণের পর ঘটনাস্থলে আতঙ্কিত লোকজনকে দেখা গেছে। আহতদের হাসপাতালে নিয়ে যাওয়ার জন্য অ্যাম্বুলেন্সকেও ঘটনাস্থলে আসতে দেখা গেছে। বিস্ফোরণের সময় সম্মেলনস্থলে ৫ শতাধিক মানুষ উপস্থিত ছিলেন। এখন পর্যন্ত কোনো গোষ্ঠী হামলার দায় স্বীকার করেনি।
জেইউআই-এফ প্রধান মাওলানা ফজলুর রহমান

এরপর ৩ পাতায়

সাতকাহন
{কবিতা সংকলন}

ছায়াপথ প্রকাশনী
আলোর মিছিল

সম্পাদনায়:- অদিতি আচার্য্য ও মৃত্যুঞ্জয় সরদার

* GOVT. REGD
* ISBN allocation
* Online/Offline selling

লেখা পাঠানোর প্রক্রিয়া

১. স্রষ্টার কবিতা যেকোনো পর্যায়ের হতে পারে।
২. কবিতা সর্বাধিক ২৪ লাইনের হতে পারে।
৩. লেখা পাঠানোর ৩দিনের মধ্যে মনোনীত হলে যোগাযোগ করা হবে।
4. what'sapp এ টাইপ বা document করে লেখা পাঠাতে হবে।

নির্বাচিত সাহিত্যিকদের জন্যে থাকছে মানপত্র এবং মেমেন্টো।



-:লেখা পাঠানোর ঠিকানা:-
what's app :- 7439971094
সময়সীমা:- ৩০শে জুলাই, ২০২৩ এর মধ্যে।

প্রিবুক মূল্য:-
২৫০ টাকা মাত্র

বি: দ্র: - বই প্রকাশ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বাংলার বিশিষ্ট সাহিত্যিক, অভিনেতা, সঙ্গীত এবং নৃত্য জগতের দিকপালরা, সাংবাদিক সম্মেলনের মাধ্যমে প্রকাশ পাবে বইটি।

আমরা সৌজন্য সংখ্যা দিতে অপরাগ, একটি কপি প্রিবুক করে নেওয়ার অনুরোধ জানাই।

Chayapoth Publication Facebook Page

একটি উন্নততর আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান

সরবেড়িয়া আন্-নূর মিশন

রেজিস্টার্ড অফিস : সরবেড়িয়া, পোঃ-এফ.এস. হাট, থানা - ন্যাজাট, জেলা - উঃ ২৪ পরগনা, পিন : ৭৪৩৩২৯
E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Website : annoormission.org

প্রতিষ্ঠাতা : মরহুম আলহাজ্ব আব্দুল হামিদ

২০২৩-২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি চলিতেছে

যে সমস্ত ছাত্র-ছাত্রীরা ২০২৩ সালে মাধ্যমিক পরীক্ষা দিয়েছে তারা অভিভাবক সহ সরাসরি মিশনে এসে Spot Exam এর মাধ্যমে একাদশ শ্রেণিতে কলা ও বিজ্ঞান বিভাগে ভর্তি হতে পারবে এবং মাধ্যমিক পরীক্ষার ফলাফল বের হলে ৭৫ শতাংশ নম্বর বিজ্ঞান বিভাগ ও ৬০ শতাংশ নম্বরে কলা বিভাগে ভর্তি হওয়ার সুযোগ পাবে। মেধাবী ও দুঃস্থ ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বিশেষ সুযোগ-সুবিধা দেওয়া হবে। সত্বর যোগাযোগ করুন।

আসন সংখ্যা সীমিত




Gilr's Hostel



Boy's Hostel



মোস্তাক হোসেন
প্রধান পৃষ্ঠপোষক
কর্ণধার
পতাকা শিল্পগোষ্ঠী



সেখ নুরুল হক
চেয়ারম্যান
অ্যাকাডেমিক কাউন্সিল
অবসরপ্রাপ্ত আই.এ.এস



জাকির হোসেন মোল্লা
সম্পাদক
সরবেড়িয়া আন্-নূর মিশন
মোঃ - ৯৭৩২ ৫৩১ ১৭১

মাধ্যমিক ফলাফল -২০২২

| বোর্ড/কাউন্সিল | | মোট পরীক্ষার্থী | স্টার | প্রথম বিভাগ | দ্বিতীয় বিভাগ | সর্বোচ্চ প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|---|
| WBBSE | ছাত্রী | ২৮ | ০৩ | ২০ | ০৫ | ৫৮১ |
| | ছাত্র | ০৯ | ০৩ | ০৪ | ০২ | ৫৬৬ |
| | সর্বমোট | ৩৭ | ০৬ | ২৪ | ০৭ | |

উচ্চমাধ্যমিক ফলাফল -২০২২

| বোর্ড/কাউন্সিল | | মোট পরীক্ষার্থী | >90 % | 90-80 % | স্টার মার্কস | সর্বোচ্চ প্রাপ্ত নম্বর |
|---|---|---|---|---|---|---|
| WBCHSE | ছাত্রী (বিজ্ঞান) | ০৮ | ০১ | ০৮ | ০৮ | ৪৬২ |
| | ছাত্র (বিজ্ঞান) | ০৬ | ০১ | ০৬ | ০৬ | ৪৫৪ |
| WBCHSE | ছাত্রী (কলা) | ১৬ | ০০ | ১৪ | ১৬ | ৪৪১ |
| | ছাত্র (কলা) | ০২ | ০০ | ০২ | ০২ | ৪৪১ |
| | সর্বমোট | ৩৭ | ০৬ | ২৫ | ৩২ | |

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন
97 34 54 95 05 / 95 64 01 19 06

আবাসিক শিক্ষক চাই
● জীববিদ্যা
● পুষ্টিবিদ্যা
● পদার্থবিদ্যা
● শিক্ষাবিজ্ঞান
● আরবী (এম.এম)

## 'ডোন্ট টক রাবিশ.'

# বিধানসভায় শুভেন্দুকে বললেন মমতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আঁচ আগেই করা গিয়েছিল। বাস্তব তার থেকেও বেশি তপ্ত হল বিধানসভা। মণিপুর ইস্যুতে বিধানসভায় রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ও রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেনদু অধিকারীর নজিরবিহীন বিতণ্ডা। শুভেন্দুকে উদ্দেশ্য করে মমতা বললেন, 'ডোন্ট টক রাবিশ্'। পাল্টা শুভেন্দু দিলেন সুপ্রিম কোর্টে যাওয়ার হুঁশিয়ারি। বিধানসভা হট্টগোল নতুন নয়, তবে এদিনের অধিবেশনে বেশ কিছু নজিরবিহীন ঘটনাও ঘটে। যখন বিধানসভায় দুপক্ষের বিধায়কদের মধ্যে চরম হট্টগোল, তখনই হঠাত প্রধানমন্ত্রীর ভঙ্গী নকল করে মমতা বলেন, 'মিত্রগণ্'. মমতার আবারও খোঁচা, "ব্যাঙ হয়ে চাঁদে যাওয়ার স্বপ্ন না দেখে মণিপুরে যান্" আবারও শুভেন্দুকে খোঁচা দিয়ে মমতা বলেন, "সব আইন বোঝে, কোন হরিদাস পাল?"

তৃণমূল বিধায়করা সকলে তখন দু'হাত তুলে স্লোগান দিতে থাকেন, 'জয় বাংলা, জয় মমতা'... বিজেপি বিধায়করা পাল্টা টেবিল বাজাতে থাকেন। বিধানসভায় তখন চূড়ান্ত হট্টগোল। মমতা শুভেন্দুকে খোঁচা দিয়ে বললেন, " ওঁদের মধ্যে কেউ কেউ আমাদের সঙ্গে ছিলেন। তখন সে কী বলতো সেই রেকর্ড বার করলেই হবে।" মমতার বক্তৃতার শেষ লগ্নে একবারে মমতার দিকে দু'হাত জোড় করলেন শুভেন্দু। দৃশ্যত তা ব্যাঙ্গার্থক। এরপরই বিজেপির ওয়াকআউট। অধিবেশন কক্ষ ছেড়ে বেরিয়ে গেলেন বিজেপি বিধায়করা। সোমবার বিধানসভায় মুখোমুখি হন মমতা-শুভেন্দু। প্রেক্ষাপট নারী নির্যাতন। মণিপুর ইস্যুতে যে তৃণমূল সরব হবে, তা পূর্ব নির্ধারিত ছিল। পাল্টা বাংলায় নারী নির্যাতন নিয়ে সরব হয় বিজেপি। তা নিয়ে বাগ-বিতণ্ডায় তপ্ত হয়ে ওঠে বিধানসভা। প্রথমে নারী নির্যাতন ইস্যুতে বিধানসভায় ২ ঘণ্টা আলোচনা হওয়ার কথা ছিল। কিন্তু তা কমে দুপক্ষের জন্য নির্ধারিত হয় এক ঘণ্টা। তৃণমূলের তরফে মমতা বন্দ্যোপাধ্যায় একাই বলেন। আর বিজেপির তরফে বলেন করেন বিধায়ক হিরণ চট্টোপাধ্যায়, অগ্নিমিত্রা পাল, শ্রীরূপা মিত্ররা।তবে শুরু থেকেই রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা শুভেন্দুর একটাই বক্তব্য ছিল, "মণিপুর ইস্যুতে এখানে আলোচনা করা যায় না।" কারণ তাঁর বক্তব্য, এই মামলা সুপ্রিম কোর্টে বিচারাধীন। সেক্ষেত্রে কোনও রাজ্যের অভ্যন্তরীণ বিষয় নিয়ে এভাবে অন্য রাজ্যের বিধানসভায় আলোচনা করা যায় না। স্পিকারের উদ্দেশে তিনি বলেন, "আপনি নিজেই যেখানে বলেন, এটা বিচারাধীন মামলা, আলোচনা করা যাবে না, তাহলে আমাদের ক্ষেত্রে এটা প্রযোজ্য হলে, মণিপুর ইস্যুতে কেন আলোচনা? আমরা সুপ্রিম কোর্টে যাব।" তখনই ক্ষিপ্ত হন স্পিকার। তিনি বলেন, "আপনি স্পিকারের চেয়ারকে হুমকি দিতে পারেন না।" মুখ্যমন্ত্রী এরপর বলতে উঠেই শুভেন্দুর উদ্দেশে বলেন, 'ডোন্ট টক রাবিশ; ...মুখ্যমন্ত্রী বলেন, "মণিপুর সেনসেটিভ ইস্যু। আমি যে কোনও ভাষায় বলি। আপনাদের প্রধানমন্ত্রী কখনও বাংলা বলেন ? মণিপুর স্পর্শকাতর বিষয়।" পাল্টা রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু বেঞ্চে বসে বললেন, 'বাংলা সেনসেটিভ নয়?' ঠিক তখনই মুখমন্ত্রী শুভেন্দুর উদ্দেশে বলেন, "মুখে লিউকোপ্লাস্ট লাগিয়ে বসে থাকুন।" মমতা বলেন, "আমি আইন শৃঙ্খলা বুঝি। জাতি দাঙ্গা বুঝি। তাই আমি মণিপুর যাওয়ার জন্য হোম মিনিস্টারকে চিঠি লিখেছিলাম, যাওয়ার অনুমতি চেয়ে। মণিপুরের বহু সংস্থা বিভিন্ন প্রপোজাল পাঠিয়েছে আমাকে।"মুখ্যমন্ত্রী বলেন, "ইঁদুর কাটলেও রাজ্যে কেন্দ্রীয় দল আসে, বাংলায় এগোচ্ছে, তাই আপনাদের গাত্রদাহ।" এদিন বিধানসভায় বিজেপির তরফ থেকে স্পিকার বিমান বন্দ্যোপাধ্যায়ের কাছে বাংলায় নারী নির্যাতন সংক্রান্ত বেশ কয়েকটি ছবি পেশ করা হয়। সেই প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, "যে ছবি বিজেপি দেখিয়েছে ওটা ফেক।" স্পিকারকে বিষয়টি দেখে নেওয়ার জন্য আবেদন জানান মুখ্যমন্ত্রী। তাঁর কথায়, "স্পিকার স্যর আপনি ক্রস চেক করে নেবেন।" মুখ্যমন্ত্রী বলেন, "যে কোনও মূল্যে মণিপুরের পাশে থাকব। আমি টিম পাঠিয়েছি। আবারও পাঠাব।চোরের মায়ের বড় গলা।" জোট ইন্ডিয়া প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, "ইন্ডিয়া ক্ষমতায় আসবে, আপনাদের প্রতিটা কেসের বিচার হবে।"মমতা বলেন, " এজেন্সির উপর নির্ভর করে রাজনীতি করছে। এজেন্সি চলে গেলে বলবে দিদি বাঁচাও।" মণিপুর নিয়ে প্রধানমন্ত্রী বিবৃতি দাবি করেন মুখ্যমন্ত্রী।তিনি বলেন, "বিদেশে যেতে পারেন আর মণিপুর যেতে পারেন না? " বিধানসভায় তখন বিজেপি বিধায়করা প্রবল চিতকার করতে থাকেন। বিজেপি বিধায়করা বলতে থাকেন, "তোদের পার্টি কোম্পানি হয়ে যাবে, ইন্ডিয়া থাকবে।" হালতালি দিয়ে স্লোগান দিতে থাকেন বিজেপি বিধায়করা।

## XAT 2024 পরীক্ষার রেজিস্ট্রেশন শুরু হয়েছে;

# এর ব্যাপারে যাবতীয় তথ্য আপনি এখান থেকেই জানতে পারবেন

**Kolkata, 31st July 2023: নিউজ সারাদিন :** প্রতি বছরের মতো এবারেও, Xavier Aptitude Test (XAT) অর্থাৎ ভারতের অন্যতম মর্যাদাসম্পন্ন জাতীয়-স্তরের এম.বি.এ. (MBA) প্রবেশিকা পরীক্ষা প্ল্যাটফর্ম, XAT 2024 পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন প্রক্রিয়া শুরু করার কথা ঘোষণা করেছে। আসন্ন পরীক্ষার জন্য আগ্রহী পরীক্ষার্থীরা অনলাইনে www.xatonline.in লিঙ্কে ক্লিক করে তাঁদের নাম নথিভুক্ত করতে পারবেন। আগামী 2024 সালের ৭ই জানুয়ারি, রবিবার XAT 2024 পরীক্ষার সময়সূচী নির্ধারণ করা হয়েছে।

সারা দেশের মধ্যে 160টিরও বেশি ম্যানেজমেন্ট প্রতিষ্ঠান এই প্রবেশিকা পরীক্ষায় প্রাপ্ত স্কোরকে স্বীকৃতি দেন, যার ফলে প্রথিতযশা প্রতিষ্ঠানে ম্যানেজমেন্ট সংক্রান্ত শিক্ষা নেওয়ার উদ্দেশ্যে সমস্ত ছাত্র-ছাত্রীরাই এই স্কোর অর্জন করাকে তাঁদের জীবনের একমাত্র লক্ষ্য হিসাবেই দেখে থাকেন।

XAT-এর প্রবেশিকা সংক্রান্ত বিষয়ের কনভেনার, ডঃ রাহুল শুক্লা বলেন, "XAT অন্যান্য পরীক্ষার মতো শুধুই একটি পরীক্ষা নয়; এটি এমনই একটি স্মার্ট পরীক্ষা যাতে নিবিড় প্রস্তুতির মাধ্যমে অতি সহজেই সফল হওয়া সম্ভব"। তিনি আরও বলেন, "আমরা বিশ্বাস করি যে পরীক্ষার্থীদের যদি প্রয়োজনীয় দক্ষতা ও বিষয়গত জ্ঞানের মাধ্যমে সক্ষম করে তোলা যায়, তাহলে তাঁরা ভবিষ্যতের ম্যানেজমেন্ট পেশাতে অনেক উন্নতি করতে পারবেন। 160টিরও বেশি XAMI ও XAT অ্যাসোসিয়েট কলেজ XAT স্কোরকে স্বীকৃতি দেয় যার ফলে পরীক্ষার্থীদের জন্য আরও বিভিন্ন ধরনের সুযোগের দ্বার উন্মুক্ত হয়"।

অফিসিয়াল ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীরা XAT 2024-এর রেজিস্টার করতে পারবেন। XAT 2024-এর জন্য রেজিস্ট্রেশন ফি ₹2100 ধার্য করা হয়েছে। যদিও যেসব পরীক্ষার্থী XLRI প্রোগ্রামের জন্য আবেদন করতে চান, তাঁদের প্রত্যেককে অতিরিক্ত ₹200 ফি হিসাবে প্রদান করতে হবে। একেবারে শেষ মুহূর্তে রেজিস্ট্রেশন করতে গেলে কিছু অসুবিধা হতে পারে তাই পরীক্ষার্থীদের যত তাড়াতাড়ি সম্ভব রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পূর্ণ করে নেওয়ার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

প্রতিভাশালী পরীক্ষার্থীগণ এই XAT 2024 পরীক্ষার প্ল্যাটফর্মের মাধ্যমে তাঁদের দক্ষতা, যুক্তিনির্ভর বিশ্লেষণ করার ক্ষমতা, ভাষাজ্ঞান ও সঠিক সিদ্ধান্ত গ্রহণের সক্ষমতার প্রদর্শন করতে সমর্থ হন। সব পরীক্ষার্থীদের জন্য একই রকমের সুযোগ প্রদান করার মাধ্যমে XAT-এর লক্ষ্য হল সেইসব সম্ভাবনাময় পরীক্ষার্থীদের খুঁজে আনা যাঁরা বিশ্বজুড়ে ব্যবসা ও ম্যানেজমেন্ট সংক্রান্ত পেশায় নিজেদের সফল করে তুলতে সক্ষম হবেন।

সাত দশকেরও বেশি সময় ধরে XLRI, দক্ষতার সাথে, ম্যানেজমেন্ট সংক্রান্ত শিক্ষায় সবচেয়ে উপযুক্ত তথা যোগ্য প্রার্থীদের বেছে নেওয়ার জন্য সর্বভারতীয় স্তরে পরীক্ষার আয়োজন করে চলেছে। ভারতের সবচেয়ে পুরনো প্রতিযোগিতামূলক পরীক্ষার মধ্যে অন্যতম, XAT নিজেকে ধারাবাহিকভাবে বিকশিত করে পরীক্ষার সাথে সংশ্লিষ্ট অত্যাধুনিক পদ্ধতিকে গ্রহণ করেছে। পরীক্ষা সংক্রান্ত বহুমাত্রিক ফ্রেমওয়ার্কের বৈশিষ্ট্যকে গ্রহণ করে, XAT-এর প্রক্রিয়াকে এমনভাবে নির্মাণ করা হয়েছে যাতে ভবিষ্যতে পেশাগত সাফল্য পাওয়ার জন্য পরীক্ষার্থীদের প্রয়োজনীয় দক্ষতাকে গভীরভাবে মূল্যায়ন করা সম্ভব হয়। দক্ষতার অর্জনের জন্য নিরবচ্ছিন্ন দায়বদ্ধতা ও সময়ের সাথে সাথে নতুন প্রযুক্তিকে গ্রহণ করার নমনীয়তা XAT-কে ম্যানেজমেন্ট প্রবেশিকা পরীক্ষার ক্ষেত্রে একটি ভরসাযোগ্য বেঞ্চমার্ক হিসাবে প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছে।

পরীক্ষার্থীদের যাতে কোনও অসুবিধা না হয়, তাই XAT 2024 সারা ভারতের অসংখ্য শহর জুড়ে পরিচালনার জন্য শিডিউল করা হয়েছে। প্রধান প্রধান শহর অর্থাৎ মুম্বই, বেঙ্গালুরু, চেন্নাই, দিল্লি-এন.সি.আর., আমেদাবাদ, হায়দ্রাবাদ, জয়পুর, কলকাতা, তিরুবনন্তপুরম ছাড়াও আরও অনেক শহর মিলিয়ে মোট 80টি শহরে এই পরীক্ষা নেওয়া হবে। এই বিশাল তথা প্রসারিত উদ্যোগ XAT-এর সেই দায়বদ্ধতাকেই দেখায় যা সারা দেশ জুড়ে ম্যানেজমেন্ট পেশায় আসার জন্য উৎসাহী সমস্ত পরীক্ষার্থীদের জন্য সমান সুযোগ প্রদান করার জন্য সচেষ্ট থাকে।

পরিশেষে একথা বলাই যায় যে XAT 2024 পরীক্ষা, ম্যানেজমেন্ট পেশায় আসার ব্যাপারে উৎসাহী পরীক্ষার্থী তথা ছাত্র-ছাত্রীদের জন্য সাফল্য পেতে পরিবর্তনশীল যাত্রা শুরু করার জন্য এমন একটি সুযোগ যা অন্য কোথাও তাঁরা পাবেন না। রেজিস্ট্রেশন প্রক্রিয়া এখন চলছে, তাই পরীক্ষার্থীরা আর দেরি না করে, www.xatonline.in লিঙ্কে ক্লিক করে অনলাইনে নিজেদের নাম নথিভুক্ত করার মাধ্যমে প্রতিশ্রুতিসম্পন্ন ম্যানেজমেন্ট পদ লাভ করার প্রথম পদক্ষেপটি এখনই গ্রহণ করতে পারেন।

# সোমবার থেকে ধাপে ধাপে খুলবে মঙ্গলাহাট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আগামী সোমবার থেকে ধাপে ধাপে খুলে যাবে হাওড়ার মঙ্গলাহাট। সোমবার সেখানে গিয়ে সভা করে এ কথা ঘোষণা করলেন রাজ্যের পুর এবং নগরোন্নয়ন মন্ত্রী ফিরহাদ হাকিম। মন্ত্রীর এই ঘোষণায় খুশি ব্যবসায়ীরা। অগ্নিকাণ্ডে পুড়ে যাওয়ার পর ওই হাট কবে খুলবে তা নিয়ে ধোঁয়াশা তৈরি হয়েছিল। সোমবার অবশ্য ওই হাটটি খোলার দিনক্ষণ ঘোষণা করেন ফিরহাদ।

গত ২০ শে জুলাই বিধ্বংসী অগ্নিকাণ্ডে ভস্মীভূত হয়ে যায় মঙ্গলাহাট। পুড়ে যায় প্রায় তিন হাজার দোকান। পুজোর কয়েক মাস আগের এই ঘটনায় পথে বসতে হয় কয়েক হাজার ওস্তাগর এবং ব্যবসায়ীকে। কবে আবার কেনাবেচা শুরু করা যাবে তা নিয়ে উদ্বেগ বাড়ছিল ব্যবসায়ীদের মধ্যে। অগ্নিকাণ্ডের পর দিন ঘটনাস্থলে গিয়ে ব্যবসায়ীদের পাশে দাঁড়ানোর আশ্বাস দিয়েছিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। পাশাপাশি, তাঁর নির্দেশে অগ্নিকাণ্ডের তদন্ত শুরু করে সিআইডি। ঘটনাস্থল থেকে নমুনাও সংগ্রহ করেন গোয়েন্দারা।সোমবার মঙ্গলাহাটে সভা করেন পুর এবং নগরোন্নয়ন মন্ত্রী। সঙ্গে ছিলেন রাজ্যের সমবায় মন্ত্রী অরূপ রায়ও। সেখানে ফিরহাদ প্রথমে বলেন, "১৫ দিন পর যাতে ব্যবসায়ীরা হাটে বসতে পারেন সে জন্য এই ব্যবস্থা করা হচ্ছে।" সেই সময় ক্ষোভ প্রকাশ করেন ব্যবসায়ীরা। তাঁরা দাবি তোলেন আগামী সোমবার থেকেই তাঁদের ব্যবসা শুরু করার ব্যবস্থা করতে হবে। এর পর মন্ত্রী আশ্বাস দেন, সামনের সোমবার থেকেই ধাপে ধাপে খুলবে মঙ্গলাহাট। তিনি আরও বলেন, "মুখ্যমন্ত্রী আজ বিধানসভায় ঘোষণা করেছেন যে, হাটের মালিক যদি নতুন করে হাট কমপ্লেক্স তৈরি না করেন, তা হলে রাজ্য সরকার এই জায়গা অধিগ্রহণ করে বিল্ডিং তৈরি করে দেবে ব্যবসার জন্য। ব্যবসায়ীরা অন্য কোনও জায়গায় যেতে রাজি নন তাই এখানেই নতুন বিল্ডিং তৈরি হবে।" তাঁর আশ্বাসে সেখানকার ব্যবসায়ীরা খুশি হয়েছেন বলে জানিয়েছেন।

## মুরগির মাংসের নতুন দাম শুনে

# খুশিতে আত্মহারা ভোজন রসিক বাঙালি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** গত কয়েকদিন ধরেই চিকেনের দাম একটু কম। আর রবিবারের বারবেলায় তা হল আরও সস্তা। সকাল সকাল মুরগির মাংসের সামনে পড়ল লম্বা লাইন। এদিন গত কয়েক মাসের মধ্যে রেকর্ড কম দামে বিক্রি হচ্ছে মুরগির মাংস। ফলে ব্যাপক ভিড় মাংসের দোকানে। চিকেনের দামে রাশ টানলেও, মাটনের রেট কিন্তু চড়া, যদিও তাতে ভোজনরসিক বাঙালির খুব একটা যায় আসেনা।এদিকে বেগুনের দাম ছিল প্রতি কেজি ৪০-৫০ টাকা ঢ্যাঁড়শের কেজিও ছিল ৪০ টাকা করে। পাশাপাশি কম ছিল আলুর দাম-ও। জ্যোতি আলু বিক্রি হয়েছে ২২ টাকা কেজি দরে। যেখানে চন্দ্রমুখী আলুর দাম ছিল প্রতি কেজি ২৫-২৬ টাকা। দাম কমেছে কাঁচা লঙ্কারও। ৩৫০ থেকে ১৫০-নেমে এসেছে এই ঝাল বস্তুটি।এইদিন সকাল থেকে মাটনের দোকানেও ছিল বেশ ভিড়। পকেটে টানাটনি থাকলেও ভোজনরসিক বাঙালি যথারীতি ভিড় জমিয়েছেন খাসির মাংসের দোকানের সামনে। এদিকে মাছের বাজার দাপিয়ে বেড়াচ্ছে ইলিশ । রেকর্ড হারে কমল ইলিশের দাম। এইদিন কলকাতার বাজারে ইলিশ পাওয়া গেল ৫০০ থেকে ১৮০০ টাকার মধ্যে।

গতকাল ৪০০ গ্রাম থেকে ৬০০ গ্রাম ইলিশের কেজি ছিল ৭০০ টাকা। ৭০০ থেকে ৯০০ গ্রাম ওজনের ইলিশের বিক্রি হয়েছে ১০০০ টাকায়। এবং ১ কেজি ওজনের ইলিশ মাছের দাম ছিল ১৩০০ - ১৫০০ টাকা। অর্থাত কলকাতার বাজার ছিল ইলিশময়। রুপোলি শস্যের দাপটে খানিকটা মিইয়ে পড়েছিল রুই, কাতলা, মৃগেল। গতকাল রুই বিক্রি হয়েছে কেজি প্রতি ২০০ টাকায়।

এইদিন কাতলা বিক্রি হয়েছে কেজি প্রতি ৩০০-৩৫০ টাকায়। তেলাপিয়া বিক্রি হয়েছে প্রায় ২২০ টাকা প্রতি কেজিতে। এদিকে ট্যাংরা মাছের প্রতি কেজির দাম ছিল ৪০০ টাকা। পাশাপাশি কমেছে সবজির দাম-ও। উচ্ছে ও বেগুন এইদিন অনেকটাই সস্তা ছিল। উচ্ছে বিক্রি হয়েছে প্রতি কেজি ৪০ টাকা দরে।

চুক্তিভিত্তিক মার্কেটিং জানার সাংবাদিক নিয়োগ করা হবে।
সব রাজ্যে,
সব জেলা ও মহকুমাতে।
যে সব মার্কেটিং জানা সাংবাদিকরা কাগজের সঙ্গে যুক্ত হতে ইচ্ছুক ,
যোগাযোগ করুন ৯৫৬৪৩৮২০৩১

সম্রাজ্ঞী
{কবিতা সংকলন}
ছায়াপথ প্রকাশনী
আলোর মিছিল
সম্পাদিকা:- অদিতি আচার্য্য
লেখা পাঠানোর প্রক্রিয়া
১. স্রষ্টার কবিতা যেকোনো পর্যায়ের হতে পারে।
২. কবিতা সর্বাধিক ২৪ লাইনের হতে পারে।
৩. লেখা পাঠানোর ৩দিনের মধ্যে মনোনীত হলে যোগাযোগ করা হবে।
৪. what'sapp এ টাইপ বা document করে লেখা পাঠাতে হবে।
* GOVT. REGD
* ISBN allocation
* Online/Offline selling

নির্বাচিত সাহিত্যিকদের জন্যে থাকছে মানপত্র এবং মেমেন্টো।
-:লেখা পাঠানোর ঠিকানা:-
what's app :- 8207240867
সময়সীমা:- ৩০শে জুলাই, ২০২৩ এর মধ্যে।
বি: দ্র: - বই প্রকাশ অনুষ্ঠানে উপস্থিত থাকবেন বাংলা চলচ্চিত্র অভিনেতা অভিনেত্রীরা, সাংবাদিক সম্মেলনের মাধ্যমে প্রকাশ পাবে বইটি।
আমরা সৌজন্য সংখ্যা দিতে অপরাগ, একটি কপি প্রিবুক করে নেওয়ার অনুরোধ জানাই।
Chayapoth Publication Facebook Page

১-ম পাতার পর

# ক্রমশ বাড়ছে মৃতের সংখ্যা, বিস্ফোরণে রক্তাক্ত পাকিস্তানে

প্রধানমন্ত্রী শেহবাজ শরীফ এবং প্রদেশের তত্ত্বাবধায়ক মুখ্যমন্ত্রী আজম খানের কাছে ঘটনার তদন্ত দাবি করেছেন। তিনি দলীয় কর্মীদের হাসপাতালে পৌঁছে রক্ত দেওয়ারও আবেদন জানিয়েছেন। ফজল বলেন, জেইউআই কর্মীদের শান্তি বজায় রাখতে হবে। এর পাশাপাশি ফেডারেল ও প্রাদেশিক সরকারের উচিত আহতদের যথাযথ চিকিৎসার ব্যবস্থা করা।মুখ্যমন্ত্রী আজম খান বিস্ফোরণের নিন্দা করেছেন এবং জেলা প্রশাসনের কাছে রিপোর্ট চেয়েছেন। খাইবার পাখতুনখোয়ার গভর্নর হাজি গুলাম আলী নিহতের সংখ্যা নিশ্চিত করেছেন। তিনি জেইউআইএফের কেন্দ্রীয় সদস্যও। পুলিশ জানিয়েছে, আহতদের কাছের হাসপাতালে ভর্তি করা হয়েছে। আহতদের অধিকাংশের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে।

প্রাথমিক রিপোর্টে ধারণা করা হচ্ছে এটি একটি আত্মঘাতী বিস্ফোরণ। নিরাপত্তা বাহিনী এলাকাটি ঘিরে রেখেছে। জেইউআই-এফ নেতা হাফিজ হামদুল্লাহ বলেছেন যে আমি বিস্ফোরণের তীব্র নিন্দা জানাই এবং এর পিছনে থাকা লোকদের বলতে চাই যে এটি জিহাদ নয়, সন্ত্রাসবাদ। এটা মানবতার উপর আক্রমণ। প্রদেশের ভারপ্রাপ্ত তথ্যমন্ত্রী জামাল ফিরোজ শাহ বলেছেন, পেশোয়ার ও দির জেলার হাসপাতালে জরুরি অবস্থা ঘোষণা করা হয়েছে। এর আগে ৩০ জানুয়ারী, একজন পাকিস্তানি তালেবান আত্মঘাতী বোমা হামলাকারী পেশোয়ারের একটি মসজিদে দুপুরের নামাজের সময় নিজেকে বিস্ফোরণে উড়িয়ে দেয়, ১০১ জন নিহত এবং ২০০ জনেরও বেশি আহত হয়।

১-ম পাতার পর

# বিজেপি নেতাদের বাড়ি ঘেরাও কর্মসূচিতে স্থগিতাদেশ হাইকোর্টের, ২১ জুলাই ডাক দিয়েছিলেন অভিষেক

বিজেপি নেতার বাড়ি ঘেরাও করা হবে। সকাল ১০টা থেকে সন্ধে ৬টা পর্যন্ত কোনও বিজেপি নেতাকে বাড়ি থেকে বেরোতে বা ঢুকতে দেওয়া হবে না। পরে মমতা বন্দ্যোপাধ্যায় তা সংশোধন করে দিয়ে বলেন, ব্লক স্তর থেকেই ঘেরাও হোক। তবে বাড়ির ১০০ মিটার দূরে ঘেরাও করতে হবে। যাতে পরিবারের বাকিরা সমস্যায় না পড়েন।

এদিনের এজলাসে একুশে জুলাইয়ের সভা নিয়েও ক্ষোভপ্রকাশ করেন প্রধান বিচারপতি। তিনি বলেন, '২১ জুলাই সভার জন্য কোর্টে কোনও কাজ হয়নি। সাড়ে ১১ টার মধ্যে কোর্ট রুম ফাঁকা হয়ে যায়। আমরা বিচারপতিরা উঠে যেতে বাধ্য হই।' মামলার পর্যবেক্ষণে প্রধান বিচারপতি মন্তব্য করেন, 'আপনারা রাজনীতি করুন। আপনি জিতুন, অন্যরা হারুক। আপনি হারুন, অন্যরা জিতুক। কিন্তু তার জন্য সাধারণ মানুষ কেন ভুগবে।'

১-ম পাতার পর

# বুদ্ধদেবকে দেখে এলেন মমতা

তাঁকে নজরে রেখেছে মেডিক্যাল বোর্ড। ঘণ্টায় ঘণ্টায় বুদ্ধদেবের স্বাস্থ্য সংক্রান্ত প্যারামিটারগুলি যাচাই করা হচ্ছে। চিকিৎসকের কথায়, "এখনও পর্যন্ত যা রিপোর্ট দেখছি, তাতে আমরা খুশি। যদিও আগামী ২৪ ঘণ্টা ওঁর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ হতে চলেছে। আমরা আশা করছি, উনি পারবেন।"

বুদ্ধদেবকে সোমবার বিকেলেই ইনভেসিভ ভেন্টিলেশন থেকে বার করে আনা হয়েছে। চিকিৎসকেরা জানিয়েছেন, তাঁকে বাইপ্যাপ সাপোর্টে রাখা হয়েছে। স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট অনুযায়ী, তাঁর শারীরিক পরিস্থিতি আগের চেয়ে স্থিতিশীল। সোমবার সকালে সিটি স্ক্যান করা হয়েছিল। তার পরেই প্রাক্তন মুখ্যমন্ত্রীকে ভেন্টিলেশন থেকে বার করে আনার সিদ্ধান্ত নেওয়া হয়। চিকিৎসকেরা জানিয়েছেন, তিনি চিকিৎসায় সাড়া দিচ্ছেন।

# বন্ধ জ্ঞানবাপীর সমীক্ষা, মুসলিমদের উদ্দেশ্যে বড় বিবৃতি যোগীর





**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বারানসির জ্ঞানবাপী মসজিদ নিয়ে চলতে থাকা বিতর্কের মাঝেই উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথের কাছ থেকে একটি বড় বিবৃতি এসেছে। মুখ্যমন্ত্রী যোগী আদিত্যথ বলেছেন, জ্ঞানবাপীকে মসজিদ বলা ঠিক হবে না। সিএম যোগী জিজ্ঞাসা করেন যে এটি যদি একটি মসজিদ হয় তবে জ্ঞানভাপির ভিতরে ত্রিশূল কী করছে? ২৪ জুলাই, শীর্ষ আদালত বারাণসীর কাশী বিশ্বনাথ মন্দিরের পাশে অবস্থিত মসজিদটি মন্দিরের উপর নির্মিত কিনা তা নির্ধারণ করতে ASI-এর একটি বিশদ বৈজ্ঞানিক সমীক্ষা ২৬ জুলাই বিকেল পাঁচটা পর্যন্ত স্থগিত করে। সোমবার, মসজিদ কমিটি এএসআই-এর কাজ স্থগিত করতে চেয়ে মুলতুবি পিটিশনের অন্তর্বর্তী আবেদন নিয়ে শীর্ষ আদালতে গিয়েছিলেন।

২১ জুলাই, বারাণসীর জেলা বিচারক এ কে বিশ্বেশা ১৬ মে, ২০২৩-এ চার হিন্দু মহিলার করা একটি আবেদনের ভিত্তিতে জ্ঞানবাপী কমপ্লেক্সের এএসআই সমীক্ষার নির্দেশ দেন। তবে জেলা বিচারকের আদেশে কমপ্লেক্সের অজু পুকুর এলাকা বাদ দেওয়া হয়েছিল, যা শীর্ষ আদালতের নির্দেশে সিল করা হয়েছে।মুখ্যমন্ত্রী বলেন যে জ্ঞানবাপীতে চিরন্তন প্রমাণ রয়েছে যা ইঙ্গিত করে যে এটি একটি সনাতন কাঠামো ছিল। সিএম যোগী বলেন, জ্ঞানবাপীর দেয়ালে অনেক প্রমাণ রয়েছে।

মুসলিম সম্প্রদায়ের কাছে একটি বার্তা পাঠিয়ে, মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ বলেছেন যে তাদের ঐতিহাসিক ভুল সংশোধনের উদ্যোগ নিয়ে এগিয়ে আসা উচিত।

আর্কিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া (এএসআই) পরিচালিত বারাণসীর জ্ঞানবাপী মসজিদের সমীক্ষার বিষয়ে, এলাহাবাদ হাইকোর্ট তিন অগস্ট তার রায় দিতে চলেছে। জ্ঞানবাপী মসজিদের মামলায় হিন্দু পক্ষের প্রতিনিধিত্বকারী আইনজীবী বিষ্ণু শঙ্কর জৈন, সাংবাদিকদের বলেন যে অন্তর্বর্তী আদেশ তিন অগস্ট পর্যন্ত কার্যকর থাকবে। আদালত বিষয়টির পুরোপুরি শুনানি না হওয়া পর্যন্ত এএসআইকে সমীক্ষা চালিয়ে যেতে বারণ করার পরে এই সিদ্ধান্ত আসে।বিতর্কিত সমীক্ষা পরিচালনা করার জন্য একটি জেলা আদালতের নির্দেশকে চ্যালেঞ্জ করে আদালতের পদক্ষেপের ফলে এই রায় এসেছিল। মজার বিষয় হল, ২৪ জুলাই, সুপ্রিম কোর্ট জ্ঞানবাপী মসজিদ মামলা সংক্রান্ত তার আগের আদেশটি স্পষ্ট করেছে। এটি কমিটির কাছ থেকে একটি আপিলের নিষ্পত্তি করেছিল যা মসজিদের ভিতরে উপাসনার অধিকার চেয়ে হিন্দুদের দায়ের করা মামলার বৈধতা নিয়ে প্রশ্ন তোলে। যদিও সুপ্রিম কোর্ট অন্তর্বর্তী আবেদনের মাধ্যমে এএসআই সমীক্ষা স্থগিত করেছে। পাশাপাশি এটি ২৪ জুলাই মূল মামলাটি শেষ করেছে।


## রে-ব্যান (RAY-BAN) প্রচলিত রীতিকে অস্বীকার করে ইনভার্টেড লেন্স 'রিভার্স' নিয়ে এসেছে

### এমনই একটি লেন্স নিয়ে আসা হয়েছে যা আপনি কখনও দেখেননি

**অতীত এসে ভবিষ্যতের সাথে মিলে গেছে: সুপ্রসিদ্ধ Ray-Ban অ্যাভিয়েটর (Aviator), ওয়েফেয়ারার (Wayfarer) এবং আরও দু'টি স্টাইলকে ইনভার্টেড রিভার্স লেনসের সাথে ভবিষ্যতের জন্য নতুনভাবে সংজ্ঞায়িত করা হয়েছে**



**Kolkata, 31 July 2023: নিউজ সারাদিন :** দশকের পর দশক ধরে, রে-ব্যান (Ray-Ban) এমন সব ক্ষেত্রেই নতুন পরীক্ষা চালিয়ে যাওয়ার সাহস দেখিয়েছে যা এতদিন অনাবিষ্কৃত ছিল। এই অদম্য কৌতূহলের দ্বারা পরিচালিত হয়ে রে-ব্যান (Ray-Ban) তার এই বৈপ্লবিক 'রিভার্স' কালেকশন রিলিজ করার মাধ্যমে সানগ্লাসের বিবর্তনে যুগান্তর এনে দিয়েছে: চারটি ইউনিসেক্স সানগ্লাসের স্টাইল যা আপাত দৃষ্টিতে অসম্ভব একটি নতুন লেন্সকে ফিচার করেছে, যা সম্পূর্ণই বিপরীত বা রিভার্স।

ক্যাম্পেন ফিল্মে বিখ্যাত সুপারমডেল, ভিত্তোরিয়া সেরেত্তিকে ফিচার করা হয়েছে এবং এই দ্রুত গতির, হাই-ফ্যাশন ভিডিওতে দর্শক মডেলকে 'রিভার্স' সানগ্লাস পরে বিভিন্ন স্টাইল ও ভঙ্গিমায় দেখতে পাবেন। এই ফিল্মে বিভিন্ন অ্যাঙ্গেল ও ফোকাসের মাধ্যমে 'রিভার্স'-এর ধারণাকে জীবন্ত করে তোলা হয়েছে তবে মূল ফোকাস সব সময় সানগ্লাসের উপরেই থেকেছে। অত্যাধুনিক ইঞ্জিনিয়ারিংয়ের এক অভূতপূর্ব নিদর্শন, যেখানে লেন্সের আকারকে পরম্পরাগত উত্তল 'কনভেক্স' থেকে পরিবর্তন করে অবতল বা 'কনকেভ' আকার দেওয়া হয়েছে তবে তার জন্য এর নিখুঁত ভিশন কোয়ালিটিতে এক ফোঁটাও সমঝোতা করা হয়নি। এক নতুন উদ্ভাবনীমূলক অ্যাস্টিগম্যাটিক, প্রিজম্যাটিক ও সমাধান করার ক্ষমতার নিদর্শন আমরা এখানে দেখতে পেয়েছি। হাই-পারফর্ম্যান্স ও অ্যান্টি-গ্লেয়ার ট্রিটমেন্টের মাধ্যমে ফিনিশিং দেওয়া, এই ধরনের প্যান্টোস্কোপিক লেন্স 70% পর্যন্ত সূর্যের তরঙ্গ রশ্মির হাত থেকে চোখকে রক্ষা করে, কারণ এই ধরনের রশ্মির ক্ষেত্রে আমাদের চোখ অতি মাত্রায় সংবেদনশীল হয়। চারটি অসাধারণ সিল্যুট স্টাইল ভবিষ্যতের অভিনব ভাবনাকে আপনার সামনে নিয়ে আসে যাতে একদম নতুন ও পরীক্ষামূলক স্টাইলের প্রবেশ ক্লাসিক ডিজাইনের এতদিনের ধ্যানধারণাকেই সম্পূর্ণ পাল্টে দিতে সক্ষম হয়েছে।

EssilorLuxottica-এর আর অ্যান্ড ডি (R&D) প্রোডাক্ট স্টাইল লাইসেন্সিং ডাইরেক্টর, ফেডেরিকো বাফা বলেন, "সত্যি অর্থেই সানগ্লাসের ইন্ডাস্ট্রিতে আমাদের রে-ব্যান রিভার্স কালেকশন এক বিপ্লব নিয়ে এসেছে। এই অবতল বা কনকেভ আকারের নান্দনিকতা এক নতুন টেকনোলজিকে প্রতিষ্ঠিত করতে সমর্থ হয়েছে যার ফলে লেন্স ডিজাইনের ক্ষেত্রে বিগ ডেটা অ্যানালিসিসের মতো বিষয় প্রয়োগ করা সম্ভব হয়েছে। আমাদের সানগ্লাস গ্রাহকের চোখের সার্বিক যত্ন নিতে কী কী করতে পারে তার ব্যাপারে আমরা নতুন নতুন অনুসন্ধান চালিয়ে যেতে থাকি তাই আমাদের জন্য গ্রাহকের প্রত্যাশার সীমা সব সময় অনেক উঁচুতে স্থাপন করা থাকে।"

EssilorLuxottica-এর চিফ মার্কেটিং অফিসার, ফ্র্যাঙ্গেকো লিউইট বলেন, "গ্রাহকের চোখের মণিকোঠায় অবস্থান করা সানগ্লাস ব্র্যান্ড হিসাবে, আমাদের সবচেয়ে সেরা ক্লাসিক স্টাইলগুলিতে আরও উদ্ভাবন ও টেকনোলজি প্রয়োগ করে, প্রতিনিয়ত আমাদের অনন্য হয়ে ওঠার ক্ষমতাকে আরও উন্নত করে তুলছি।"

সহজে ব্যবহার করা যায় এমন ইউনিভার্সাল ফ্রেমের সাথে ডেভেলপ করা, রে-ব্যান (Ray-Ban)-এর 'রিভার্স' অ্যাভিয়েটর, ওয়েফেয়ারার, ক্যারাভান ও বয়ফ্রেন্ড ব্র্যান্ড আমাদের চোখের নিচে গোলাকার উঁচু হয়ে থাকা গালের হাড়ের সাথে এমনভাবে ফিট করে যেতে পারে যা আমাদের সম্পূর্ণ ফেসের আকারে একটি পরিপূর্ণতা এনে দেয়। আমাদের পৃথিবীর কথা মাথায় রেখেই এই প্রোডাক্টের কালেকশন তৈরি করার সময় এমনই বৈকল্পিক মেটিরিয়াল ব্যবহার করা হয়েছে যা প্রকৃতির জন্য একদমই ক্ষতিকর নয়। এর মধ্যে জৈব পদার্থ দিয়ে তৈরি নাইলন১ লেন্স রয়েছে যাতে 41% জৈব পদার্থ-জাত কার্বন কন্টেন্ট রয়েছে এবং জৈব পদার্থ দিয়ে তৈরি অ্যাসিটেট ফ্রেম যাতে 67% বায়ো-কার্বন কন্টেন্ট রয়েছে। এছাড়াও, প্যাকেজিং, কার্ড ও গ্লাস পরিষ্কার করার কাপড়ও 100% রিসাইকেল করা যায় এমন মেটিরিয়ালে তৈরি করা হয়েছে।

দাম: নতুন রে-ব্যান রিভার্স কালেকশনের দামের রেঞ্জ ₹11090 থেকে শুরু হয়।

উপলভ্যতা: সমস্ত বিখ্যাত অপ্টিক্যাল স্টোর, সানগ্লাস হাট ও rayban.com/ India সাইটে অনলাইনে এটি পাওয়া যাবে।

আরও তথ্যের জন্য অনুগ্রহ করে এই ওয়েবসাইটে যান:

https://www.ray-ban.com/india

Facebook (ফেসবুক): RayBan

Instagram (ইনস্টাগ্রাম): @rayban



ভারতের সর্বাধিক বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
২ বর্ষ ২১১ সংখ্যা ০১ আগষ্ট, ২০২৩ মঙ্গলবার ১৫ শ্রাবণ, ১৪৩০

## সম্পাদকীয়

# ২০২০-র জাতীয় শিক্ষানীতির তৃতীয় বর্ষে এর সাফল্যের নানা দিকের ওপর আলোকপাত

কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেকনিক্যাল টিচার্স ট্রেনিং অ্যান্ড রিসার্চ (এনআইটিটিটিআর)-এর উদ্যোগে জাতীয় শিক্ষানীতি, ২০২০-র সফল রূপায়ণের তৃতীয় বর্ষে একটি আলোচনাচক্রের আয়োজন করা হয়। এই আলোচনাচক্রে এনআইটিটিটিআর-এর ডিরেক্টর অধ্যাপক দেবীপ্রসাদ মিশ্র জাতীয় শিক্ষানীতির বিভিন্ন দিক উল্লেখ করেন। তিনি জানান, এনআইটিটিটিআর জাতীয় শিক্ষানীতির সফল রূপায়ণে নানা উদ্যোগ গ্রহণ করেছে। বিভিন্ন শিল্প সংস্থা ও অন্যান্য সংস্থার পেশাদারদের শিক্ষা প্রতিষ্ঠানে যুক্ত করার জন্য নতুন শিক্ষানীতিতে প্রফেসর অফ ক্যাটেগরি শাখা তৈরি করা হয়েছে। এর ফলে বিভিন্ন পাঠ্যক্রমে শিল্প সংস্থার চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় পাঠদান করা যাবে। এনআইটিটিটিআর প্রফেসর অফ ক্যাটেগরিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে।

কল্যাণীর আইআইআইটি-র ডিরেক্টর অধ্যাপক শান্তনু চট্টোপাধ্যায় বলেন, উচ্চশিক্ষায় ইংরেজি মাধ্যমে পড়াশোনার ক্ষেত্রে ছাত্রছাত্রীদের বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হয়। জাতীয় শিক্ষানীতি সেই অসুবিধা দূর করার জন্য বর্তমানে আঞ্চলিক ভাষায় পাঠ্যপুস্তক রচনার ওপর গুরুত্ব দিচ্ছে। তাঁদের প্রতিষ্ঠান বিভিন্ন ভাষায় নানা বিষয়ের বই অনুবাদের কাজ করছে। শিবপুর আইআইইএসটি-র অ্যাকাডেমিক ডিন অধ্যাপক সুদীপ কুমার রায় জানান, নতুন শিক্ষানীতিতে বহু ছাত্রছাত্রী নিজের বিষয়ের পাশাপাশি পছন্দমতো অন্যান্য বিষয় নিয়েও পড়াশোনা করতে পারেন। কলকাতার আইএসিএস-এর অধ্যাপক সুহৃদ ঘোষ এই শিক্ষানীতির নমনীয় দিকের প্রসঙ্গটি উল্লেখ করেন। বিশ্বভারতীয় বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক সর্বজিৎ সেনগুপ্ত নতুন শিক্ষানীতি প্রণয়নের সময় রবীন্দ্রনাথ ঠাকুরের শিক্ষাভাবনা প্রয়োগের কথা তুলে ধরেন। তিনি জানান, তাঁদের শিক্ষা প্রতিষ্ঠানে হলকর্ষণ এবং বৃক্ষরোপণের মতো বিভিন্ন কর্মসূচী বহুদিন থেকেই পালিত হয়ে আসছে।

কলকাতার সিএসটিএআরআই-এর ডিরেক্টর ডঃ এম আর অরবিন্দন বলেন, মানবসম্পদ মন্ত্রকের পরিবর্তে পৃথক একটি শিক্ষা মন্ত্রক গড়ে তোলার জন্য দীর্ঘদিন ধরে প্রস্তাব রাখা হচ্ছিল। বর্তমানে তা বাস্তবায়িত হয়েছে। একইসঙ্গে, শ্রম মন্ত্রক থেকে দক্ষতা বিকাশ মন্ত্রককে পৃথক করা হয়েছে। নতুন শিক্ষা মন্ত্রক এবং দক্ষতা বিকাশ মন্ত্রকের দায়িত্ব একই ব্যক্তি পালন করায় জাতীয় শিক্ষানীতি রূপায়ণের ক্ষেত্রে তা সহায়ক হবে। কলকাতার আইআইএসইআর-এর অধ্যাপক বিদিশা সিনহা জানান, দীর্ঘদিনের প্রাচীন তাঁদের এই শিক্ষা প্রতিষ্ঠানটি সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের মর্যাদা পেয়েছে। এই প্রতিষ্ঠান জাতীয় শিক্ষানীতি বাস্তবায়নে সক্রিয়। যদিও তাঁদের প্রতিষ্ঠানে অনেক বিষয় নিয়ে পড়ার সুযোগ নেই, তবে সমন্বিত এক শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়া হয়েছে। কলকাতার আইআইএম-এর অধ্যাপক অদিতি ভুতোরিয়া জানান, নতুন শিক্ষানীতি রূপায়ণের আগে একটি পাঠ্যক্রমে বিভিন্ন বিষয় নিয়ে পড়ার সুযোগ ছিল না যা বর্তমানে হয়েছে। দুর্গাপুর এনআইটি-র অ্যাকাডেমিক কোর্সেস-এর ডিন অধ্যাপক নিমাইবরণ হুই জানান, বর্তমান শিক্ষানীতি অনুসারে ছাত্রছাত্রীদের জন্য একটি অভিন্ন মঞ্চ গড়ে তুলতে হবে। এর ফলে কোনও ছাত্র বা ছাত্রী এক প্রতিষ্ঠান থেকে অন্য কোনও শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষালাভের জন্য গেলে প্রথম প্রতিষ্ঠানের অর্জিত বিদ্যাও স্বীকৃতি পাবে।

অনুষ্ঠান শেষে শিক্ষাবিদরা নতুন শিক্ষানীতি প্রসঙ্গে বিভিন্ন প্রশ্নের জবাব দেন।

## জমির বিনিময়ে চাকরি!

# লালুর পরিবারের ৬ কোটির সম্পত্তি বাজেয়াপ্ত করল ইডি

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন** : একাধিক দুর্নীতিতে অভিযুক্ত হয়ে জেল খেটেছেন। জেলমুক্ত হওয়ার পর কিডনির অসুখে ভুগছিলেন। এখনও অবশ্য খানিকটা সুস্থ। তথাপি ভাল দিন ফিরছে না ভারতীয় রাজনীতির অন্যতম রঙিন চরিত্র লালু প্রসাদ যাদবের । সোমবার যাদব পরিবারের ৬ কোটি টাকার সম্পত্তি বাজেয়াপ্ত করল ইডি ।যাদব পরিবারের বিরুদ্ধে অভিযোগ, লালু রেলমন্ত্রী থাকাকালীন জমির বিনিময়ে চাকরি দেওয়ার দুর্নীতি হয়েছে যথেচ্ছভাবে। হয় যাঁরা চাকরি পেয়েছেন তাঁরা জমি উপহার দিয়েছেন যাদব পরিবারকে। অথবা নামমাত্র দামে যাদব পরিবারের সদস্যদের জমি লিখে দিয়েছেন চাকরিপ্রার্থীরা। অভিযোগ, ২০০৪-০৯ সালে লালু যখন রেলমন্ত্রী ছিলেন, সেই সময় জমির বিনিময়ে বিহারের বাসন্দা বহু যুবককে চাকরি দেয় যাদব পরিবার। সেই সম্পত্তিই এদিন বাজেয়াপ্ত করেছি এনফোর্সমেন্ট ডিরেক্টোরেট।

গত ১৮ মে জমির বিনিয়ময়ে চাকরির মামলাতে বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী তথা লালুর স্ত্রী রাবরী দেবীকে টানা পাঁচ ঘণ্টা জিজ্ঞাসাবাদ করেছিল ইডি। এছাড়াও গত কয়েক মাসে ইডির জেরার মুখে পড়তে হয়েছে বিহারে উপমুখ্যমন্ত্রী তেজস্বী যাদব, আরজেডি সাংসদ মিসা ভারতী, চান্দা যাদব, রাগিনী যাদবকে। এর পর জুলাই মাসে সিবিআই লালু যাদব, তাঁর ছেলে এবং স্ত্রী-সহ ১৮ জনের বিরুদ্ধে এই মামলায় দ্বিতীয় চার্জশিট দাখিল করে। প্রথমবার চার্জশিট দাখিল হয়েছিল ১৮ মে, ২০২২। সেখানে নাম ছিল লালু, রাবরী, তাঁদের দুই কন্যা এবং এক অজ্ঞাত সরকারী কর্মচারী-সহ ১৫ জনের বিরুদ্ধে।

# পৃথিবীর সৃষ্টির মূলে দেবাদিদেব মহাদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

ন্যায় প্রতিষ্ঠা করার জন্য স্বয়ং নিজেই আবির্ভূত হয়েছিল এই বিশ্বব্রহ্মাণ্ডে,এই থেকে জন্ম হয় পৃথিবীর বুকে রাজনীতি। আর এই রাজনীতি করেছিল স্বয়ং ভগবান শিব নিজেই,সেই নাই প্রতিষ্ঠা করার রাজনীতি আজ আর আমরা এখন দেখতে পাই না।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

## নবান্নে এসে অমৃতসরের স্বর্ণ মন্দিরে যেতে

# মমতাকে আমন্ত্রণ পরিচালন কমিটির



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নবান্নে পঞ্জাবের অমৃতসরের স্বর্ণ মন্দিরের পরিচালন কমিটির প্রতিনিধিরা। নবান্নে এসে অমৃতসরের স্বর্ণ মন্দিরের পরিচালন কমিটির প্রতিনিধিরা দেখা করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধয়ায়ের সঙ্গে। স্বর্ণ মন্দিরে যাওয়ার জন্য মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধয়ায়কে আমন্ত্রণ জানান তাঁরা।মুখ্যমন্ত্রী আরও বলেন, ডেঙ্গির প্রকোপ বেশি নদিয়া ও উত্তর ২৪ পরগনায়। তবে ইতিমধ্যেই ২৩ হাজার ৮৩২ জনের টেস্ট হয়েছে। মুখ্যসচিব অনেকগুলি রিভিউ মিটিং করেছেন। ডেঙ্গির জন্য এম আর বাঙুরকে প্রস্তুত করা হয়েছে। উত্তরবঙ্গে ১ লাখ মশারি পাঠানো হয়েছে। স্বাস্থ্যসাথী কার্ড নিয়ে নির্দেশ দেওয়া হয়েছে। কেউ স্বাস্থ্যসাথী কার্ড নিতে না চাইলে তার লাইসেন্স বাতিল করা হবে।

জবাবে মুখ্যমন্ত্রীও জানান যে তিনি আমন্ত্রণ গ্রহণ করেছেন। স্বর্ণ মন্দির নিশ্চয়ই যাবেন।

মুখ্যমন্ত্রী বলেন, 'আমন্ত্রণ গ্রহণ করলাম। নিশ্চয়ই যাব। এটা আমার গর্ব। উনি নিজে এসেছেন আমন্ত্রণ জানাতে। আমন্ত্রণ পেয়ে অত্যন্ত গর্বিত আমি। পাঞ্জাবি সম্প্রদায়ের সঙ্গে অত্যন্ত ভালো সম্পর্ক আমাদের। পাঞ্জাবি মানুষদের জন্য আমাদের শুভকামনা। পাঞ্জাবের সঙ্গে বাংলারও অত্যন্ত সুসম্পর্ক। আন্দামান-নিকোবরে গেলে চাক্ষুষ করতে পাবেন, স্বাধীনতা সংগ্রামে পাঞ্জাব ও বাংলার যে ভূমিকা ছিল... এই সব মিলিয়েই আমাদের এককাট্টা হতে হবে। একসঙ্গে মিশে দেশে থাকতে হবে। এটাই আমাদের একমাত্র প্রার্থনা।'প্রসঙ্গত, এদিন ডেঙ্গি নিয়ে এদিন উত্তাল হয় বিধানসভার অধিবেশন। আজ ডেঙ্গি নিয়ে বিধানসভায় বক্তব্য রাখেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি বলেন, '৩ বছর কোভিড ছিল। এবছর ডেঙ্গি ট্রেন্ড। ডেঙ্গি কোনও বছর বেশি হয়। গ্রাম বাংলায় সমস্যা বেশি। কারণ পঞ্চায়েত নির্বাচন ছিল। নতুন বোর্ড না হওয়ায় সমস্যা বেড়েছে।'

## জাতীয় শিক্ষানীতি- ২০২০-র তিন বছর পূর্তি উপলক্ষে

# জোকা কেন্দ্রীয় বিদ্যালয়ে সাংবাদিক সম্মেলন



**কলকাতা, ২৮শে জুলাই ২০২৩ : নিউজ সারাদিন :** জাতীয় শিক্ষানীতি-২০২০-র তিন বছর পূর্তি উপলক্ষে আজ জোকা কেন্দ্রীয় বিদ্যালয়ে এক সাংবাদিক সম্মেলনের আয়োজন করা হয়। এই উপলক্ষে অধ্যক্ষ মোহনলাল লোহার জানান, শিক্ষার্থীদের মধ্যে প্রকৃত সম্ভাবনা তুলে ধরার ক্ষেত্রে জাতীয় শিক্ষানীতি বিশেষভাবে সাহায্য করেছে। তিনি বলেন, এতে শিক্ষার্থীদের মধ্যে প্রথাগত শিক্ষার পরিবর্তে বিজ্ঞান ভিত্তিক মনোভাব এবং গঠনমূলক চিন্তাভাবনা গড়ে উঠছে। কেন্দ্রীয় বিদ্যালয়ে জাতীয় শিক্ষানীতি ২০২০ কার্যকর করার বিষয়ে আলোকপাত করেন তিনি।

অধ্যক্ষ বলেন, জাতীয় শিক্ষানীতি-২০২০ অনুযায়ী প্রথম শ্রেণিতে ভর্তির জন্য নূন্যতম ৬ বছর বয়স নির্ধারিত হয়েছে। বাল-ভাতিকা, নিপুণ (এনআইপিইউএন) বিদ্যা প্রবেশ, বিদ্যাঞ্জলি, পিএম ই-বিদ্যা, ফাউন্ডেশনাল লিটারেসি এণ্ড নিউমেরেসি(এফএলএন), জাতীয় পাঠ্যক্রম কাঠামো শিক্ষার্থীদের কাছে শিক্ষাগ্রহণ ও দক্ষতা উন্নয়নের ক্ষেত্রে এক ম্যাজিক বক্স। এগুলি খেলাধুলার মাধ্যমে শিক্ষা লাভের পদ্ধতি। এই শিক্ষাগ্রহণ পদ্ধতি শিক্ষার্থীদের কাছে আরও বেশি আকর্ষণীয় ও মজাদার হয়ে উঠেছে বলে জানান তিনি। অধ্যক্ষ বলেন, এমনকি অভিভাবকরা এই শিক্ষা-শিক্ষণ প্রক্রিয়ায় এক গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে অন্তর্ভুক্ত হয়েছে। কেন্দ্রীয় বিদ্যালয় সংগঠন, সময়ে সময়ে এই শিক্ষানীতি অনুসারে শিক্ষকদের প্রশিক্ষণ দিয়ে থাকে বলেও উল্লেখ করেন তিনি।

# লাহা বাড়ি ইতিহাসের পিছনে জড়িয়ে রয়েছে ছোটবেলার রামকৃষ্ণ পরমহংসদেবের স্মৃতিকথা



মৃত্যুঞ্জয় সরদার

(প্রথম পর্ব)



মা দুর্গা দেবীর পুজো নিয়ে আজ যারা ব্যঙ্গ করছে, তারা হয়তো ভুলে গেছে এই পৃথিবীতে পাপ আর পড়াচিত্তে বিচার তিনি করে যাচ্ছে। তিনি মনুষ্য কুলের সমাধান সৃষ্টিকারী মহাশক্তি। স্বয়ং মা দুর্গা মানুষকে বরাবর বিপদ থেকে রক্ষা করেছেন। তেমনই এক উদাহরণ আজকের সমাজে প্রায় ৪৫০- ৪৫৩ বছর আগেকার কথা আমি তুলে ধরতে চাই! লাহা বাড়ির ইতিহাস আজ আমাদের অজানা নয় । অনেকে হয়তো জানেই না, লাহা বাড়ির দুর্গাপুজো কিসের কারনে শুরু হয়েছিল। স্বয়ং মা দুর্গা লাহা বাড়ির জমি বিবাদের পাশে এসে দাঁড়িয়েছিল ।গ্রামের জমি বিবাদ আজও আছে, তৎকালীন সময়ে লাহা বাড়ির জমির বিবাদ কে নিয়ে কোট পর্যন্ত মামলা গড়িয়েছিল। সেই মামলা করেছিলেন স্বয়ং মা দুর্গা। তবেই স্বয়ং মা দুর্গা হয়তো , বর্তমান মহামারী করোনাভাইরাস কে বিনাশ করে দেবে। এমন ভক্তি বিশ্বাস হয়তো আজ আপনাদের নেই, কারণ আমরা নিজেদের প্রতি বিশ্বাস ও ভরসা হারিয়ে ফেলি।বর্তমান দেশ বা রাজ্যের যা পরিস্থিতি একমাত্র সমাধানের পথ দেখাতে পারেন স্বয়ং মা নিজেই। যেমনি লাহা বাড়ির পথ দেখিয়েছিলেন। বর্তমানে লাহা পরিবারের সদস্য সংখ্যা প্রায় দুশো কি তার বেশি। পুজোর দিনগুলিতে সবাই মন্দিরেই প্রসাদ খান। কারো বাড়িতে রান্না হয় না। আরও একটি বিশেষ বৈশিষ্ট্য এখানে কুমারী পূজা হয় নবমীর দিন। আর যিনি মা দুর্গার পুজো করেন তিনি ঘট উত্তোলনের দিন থেকে মন্দিরে থাকেন। ওই মন্দিরেই পুজো করে খান। পৌরাণিক পূজা প্রথা মেনে আজও চলে পূজা পাঠ লাহা বাড়িতে। এই পুজোর কাঠামো পুজো শুরু হয় বিপত্তারিণী পুজোর দিন আর ঘট উত্তোলন হয় মহালয়ার পরের দিন। প্রতিপদের দিন থেকেই শুরু হয়ে যায় মহাচন্ডীর পুজো। আর এই পুজোর অন্যতম আকর্ষণ হল ৮ দিন ব্যাপী যাত্রাপালা যা চলে মহালয়ার দিন থেকে ষষ্ঠীর দিন অবধি। ঠাকুরের পাঠশালাতেই হতো এই যাত্রাপালা, তবে এখন এই পাঠশালার আটচালার পাশে মঞ্চ বানিয়ে চলে যাত্রাপালা। এই লাহা বাড়ির পাঠশালাতেই স্কুলের প্রাথমিক শিক্ষা নিয়েছিলেন শ্রী রামকৃষ্ণ। পাঠশালাটি আজও এখানে আছে। যাত্রা উপলক্ষ্যে গ্রামবাসীদের ভিড় থাকে চোখে পড়ার মতো। এখানে শেষ নয়, এর পিছনে যে ইতিহাস লুকিয়ে আছে। সেই ইতিহাস তুলে ধরতে চাই আজকের লেখাতে।স্বয়ং ঠাকুর শ্রী রামকৃষ্ণ পরমহংস দেব বাল্যকালে নিজেই এই বাড়ির দুর্গাপূজায় একেঁছিলেন মা দুর্গার চোখ। অবশ্য তখন তাঁর পরিচয়, শ্রী গদাধর চট্টোপাধ্যায় বা গদাই, ক্ষুদিরাম চট্টোপাধ্যায়ের কনিষ্ঠ পুত্র। কামারপুকুরের সবথেকে পুরানো এই পূজা, শতাব্দী প্রাচীন কামারপুকুরের লাহাবাড়ির দুর্গাপূজা আজও মহাসমারোহে পালিত হয়। কামারপুকুরের লাহাবাড়ির দুর্গাপূজা চালু করেছিলেন শ্রী জগন্নাথ লাহা। সে প্রায় আনুমানিক ৪৫০ বছর আগের কথা। তারপর কালের ক্রমে পুজো চললেও বন্ধ হয়ে যায় মাঝের ২০-২৫ বছর। তারপর ২৪৩ বছর আগে সেই পুজো পুনরায় শুরু করেন, শ্রী জগন্নাথ লাহার বংশধর শ্রী ধর্মদাস লাহা। তারপর থেকে আজ অবধি মহাসমারোহে এই পুজো পালন করে আসছেন হুগলি জেলার কামারপুকুরের লাহা পরিবার, শ্রী রামকৃষ্ণের পবিত্র জন্মভূমি এই কামারপুকুরে।এই জন্মভূমি পবিত্রতার পিছনের ইতিহাস লুকিয়ে রয়েছে।লাহা বাড়ির পৌরাণিক কাহিনী লেখার শুরুতে দু এক কথা বলেছি। তবে সম্পূর্ণ কথাটি বলে আজ লেখাটিতে পরিপূর্ণ রূপ দিতে চায়।এই শতাব্দী প্রাচীন পুজো নিয়ে রয়েছে এক জনশ্রুতি। জমিজমা সংক্রান্ত বিবাদে একবার মামলায় জড়িয়ে পড়েন ধর্মদাস লাহা। একদিন গ্রামের মেঠোপথ ধরে সেই মামলার শুনানিতে হাজিরা দিতে চুঁচুঁড়া আদালতে যাচ্ছিলেন তিনি। পথে ক্লান্ত হয়ে একটি গাছের নীচে বিশ্রামের সময়ে ঘুমের মধ্যে স্বপ্নে মা তাকে বলেন, "মামলায় জয়ী হবি তুই, বাড়ি গিয়ে আমার পুজো শুরু করিস। খানাকুল থেকে দুজন পটুয়া যাচ্ছে।"

তারপর সত্যি মামলায় জিতে আনন্দে মায়ের স্বপ্নবানীর কথা ভুলে যান তিনি। কিন্তু বাড়ি ফিরে চমকে যান তিনি যখন দেখেন খানাকুল থেকে দুই প্রতিমা শিল্পী হাজির। তাঁরা ধর্মদাসবাবুকে বলেন, "একটি মেয়ে এসে আমাদের বললে এখানে দুর্গা প্রতিমা গড়তে হবে।তাই আমরা এসেছি।"সেই থেকেই শুরু লাহাবাড়ির দুর্গাপূজা। তারপর সেখানে চালা করে শুরু হয় পুজো,

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# সিনেমার খবর

## কেন ঐশ্বরিয়ার হলিউড ক্যারিয়ার নিয়ে 'কটাক্ষ' করেছিলেন ঋষি কাপুর?





**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** এই মুহূর্তে তিনি হিন্দি ছবি থেকে দূরে। তবে এক সময় বলিউডের পাশাপাশি হলিউডেও নিজের অভিনয়ের ছাপ রেখেছিলেন ঐশ্বরিয়া। 'ব্রাইড অ্যান্ড প্রেজুডাইস' এবং 'পিঙ্ক প্যান্থার ২'-সহ বেশ কিছু ইংরেজি ছবিতেও অভিষেক বচ্চনের স্ত্রীকে দেখেছেন দর্শক।

ঐশ্বরিয়ার হলিউড ক্যারিয়ার নিয়ে সম্প্রতি ঋষি কাপুরের একটি পুরনো মন্তব্য নেটদুনিয়ায় ভাইরাল হয়েছে। আসলে নেটমাধ্যমে যে ভিডিওটি ঘুরছে, সেটি করন জোহরের চ্যাট শো 'কফি উইথ করন'-এর একটি পর্বের।

২০০৫ সালে এই শো-এর একটি পর্বে অতিথি হয়ে এসেছিলেন ঋষি কাপুর এবং নীতু সিং। ভিডিওতে দেখা যাচ্ছে ঋষির উদ্দেশে প্রশ্ন ছুঁড়ে দিচ্ছেন করন, "হলিউডে ঐশ্বরিয়ার রাইয়ের ক্যারিয়ারে সব থেকে বড় সমস্যা কী হতে পারে?" উত্তরে 'বোল রাধা বোল'-এর নায়ককে মুচকি হাসতে দেখা যাচ্ছে। তার পাল্টা প্রশ্ন, "সমস্যা?"

পরে তিনি প্রশ্নটি শুনতে পারেননি বলেও একবার ঠাট্টা করেন। ঋষির এই প্রতিক্রিয়া দেখে নীতুও হাসতে শুরু করেন।

নেটাগরিকদের একাংশের মতে, করনের প্রশ্নের উত্তরে ঋষি ঐশ্বরিয়াকে নিয়ে কটাক্ষ করেছেন। একাংশের মতে, আসলে ঋষি এটাই বলতে চেয়েছেন যে, হলিউডে ঐশ্বরিয়ার কোনও ভবিষ্যৎ নেই! একজন ভিডিওটি শেয়ার করে লিখেছেন, "ভাবছি উনি নীতুকে তার পুত্রবধূ প্রসঙ্গে এই একই প্রশ্ন করতেন কি না!"

স্বাভাবিকভাবেই ঋষির এই 'ঠাট্টা'-কে অনুরাগীরা খুব একটা ইতিবাচকভাবে নিতে পারেননি।

ঐশ্বরিয়াকে দর্শক শেষ 'পোন্নিয়ান সেলভান ২' ছবিতে দেখেছেন। অন্যদিকে, দীর্ঘ দিন ক্যান্সারের সঙ্গে লড়াইয়ের পর ২০২০ সালের ৩০ এপ্রিল মারা যান ঋষি কাপুর।

## আবারও সিনেমায় ফিরছেন জিনাত



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বয়স সত্তর পেরলেও আবেদনে এখনও অনুরাগীর সংখ্যা কমেনি। সম্প্রতি ইনস্টাগ্রামে পা রেখে রীতিমতো শোরগোল ফেলে দিয়েছিলেন জিনাত আমন।

সম্প্রতি তাকে সেখানে গানে র‍্যাপারের ভূমিকাতেও দেখা গিয়েছে। এর পরই দিলন আরো এক চমক। জানালেন, অনুরাগীদের জন্য এবার হিন্দি ছবিতে দেখা দেবেন তিনি।

২০১৯ সালে মুক্তিপ্রাপ্ত আশুতোষ গোয়ারিকর পরিচালিত 'পানিপথ' ছবিতে সাকিনা বেগমের চরিত্রে অভিনয় করেছিলেন জিনাত। পাঁচ বছরের বিরতি কাটিয়ে ফের ক্যামেরার সামনে শট দেবেন এই বর্ষীয়ান অভিনেত্রী।

জানা গেছে, পরিচালক ফারাজ আরিফ আনসারির 'বান টিক্কি' ছবিতে একটি বিশেষ চরিত্রে অভিনয় করবেন জিনাত। ছবিতে রয়েছেন অভয় দেওল এবং শাবান আজমি।

মূলত অভিভাবকদের সঙ্গে সন্তানের সম্পর্ক নিয়ে আবর্তিত হবে ছবিটি। সেখানে বাবার চরিত্রে অভিনয় করবেন অভয়। তার সন্তানের চরিত্রাভিনেতার সন্ধানে রয়েছে টিম। তবে জিনাত এবং শাবানা অভিনীত চরিত্র দু'টি এই ছবির গুরুত্বপূর্ণ অংশ। ছবির কাহিনী পছন্দ হয়েছে অভিনেত্রীর। শোনা যাচ্ছে, পোশাকশিল্পী মণীশ মলহোত্র এই ছবিটি প্রযোজনা করছেন।

১৯৭১ সালে 'হরে রাম হরে কৃষ্ণ' ছবি দিয়ে পথচলা শুরু হয়েছিল জিনাতের। এর পর 'ইয়াদোঁ কি বারাত', 'রোটি কাপড়া অউর মকান', 'সত্যম শিবম সুন্দরম'-এর মতো ছবিতে ঝড় তুলেছিলেন জিনাত। তার শরীরী আবেদনে মুগ্ধ হয়েছিলেন সেকালের দর্শক। এতে উপেক্ষিত হয়েছিল তার অভিনয় প্রতিভা, এমনটাই দাবি অভিনেত্রীর।

## 'খেলা হবে' সংলাপ বাদ দেওয়ার গুঞ্জন নিয়ে যা বললেন আলিয়া



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** 'খেলা হবে', রাজনীতির মঞ্চে একটি জনপ্রিয় সংলাপ। দেশের গণ্ডি পেরিয়ে পশ্চিমবঙ্গের রাজনীতিবিদদের কাছেও তুমুল জনপ্রিয় হয়ে উঠেছে বাংলাদেশের এই সংলাপ। বলিউড অভিনেত্রী আলিয়া ভাটের মুখেও শোনা গেছে সংলাপটি। মূলত, 'রকি আউর রানি কি প্রেম কাহানি' সিনেমার ট্রেইলারে এ সংলাপ বলতে শোনা যায় আলিয়াকে।

করন জোহর পরিচালিত এ সিনেমায় জুটি বেঁধে অভিনয় করেছেন আলিয়া ভাট-রণবীর সিং। আগামী ২৮ জুলাই মুক্তি পাচ্ছে এটি। কিন্তু মুক্তির আগে ভারতীয় সেন্সর বোর্ডের কাঁচির কবলে পড়েছে সিনেমাটি। জোর গুঞ্জন উড়ছে, সিনেমাটি থেকে 'খেলা হবে' সংলাপ বাদ দেওয়া হয়েছে।



বিষয়টি নিয়ে জোর চর্চা হলেও এতদিন কেউ-ই মুখ খোলেননি। এবার কথা বললেন আলিয়া ভাট। সোমবার এ সিনেমার প্রচারের অংশ হিসেবে কলকাতায় গিয়েছিলেন আলিয়া-রণবীর। সাংবাদিকদের মুখোমুখি হলে এ নিয়ে প্রশ্ন করা হয় তাকে।

কিছুটা ধোঁয়াশা রেখে আলিয়া ভাট বলেন, "অনেকে অনেক কিছু বলছেন। কিন্তু সামান্য কিছু পরিবর্তন করা হয়েছে। তবে সেটা সিনেমার কোনও ক্ষতি করবে না বলেই আমার বিশ্বাস।"

সিনেমাটিতে জয়া বচ্চনের সঙ্গে তার একটি বিশেষ দৃশ্যের জন্যই 'খেলা হবে' সংলাপটি ব্যবহার করা হয়েছে। তা স্মরণ করে আলিয়া ভাট বলেন, "এখন এর চেয়ে বেশি কিছু খোলসা করছি না। দর্শক সিনেমা দেখুক, তা হলেই সব স্পষ্ট হবে।"

সিনেমার গল্পে আলিয়া বাঙালি, আর রণবীর সিং পাঞ্জাবি। স্বাভাবিক কারণে সামাজিক-সংস্কৃতিগত কিছু তফাত তাদের রয়েছে। এসব বিষয় রকি আর রানি অর্থাৎ আলিয়া-রণবীরের বিয়েতে বাধা হয়ে দাঁড়ায়। কিন্তু দুই পরিবারকে তাদের বিয়ের জন্য রাজি করাতে চান তারা। তাতে বাধে বিপত্তি। নানা ঘটনার মধ্য দিয়ে এভাবেই এগিয়েছে গল্প।

সিনেমাটিতে আলিয়া ভাটের বাবা-মায়ের চরিত্রে অভিনয় করেছেন কলকাতার চূর্ণি গাঙ্গুলি এবং টোটা রায়চৌধুরী। সিনেমাটিতে আরও অভিনয় করেছেন - ধর্মেন্দ্র, জয়া বচ্চন, শাবানা আজমি প্রমুখ।

## কার্তিকের মুকুটে নতুন পালক



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** কার্তিক আরিয়ানের জীবনে বড় খবর। ১৪ তম ইন্ডিয়ান ফিল্ম ফেস্টিভ্যাল অফ মেলবোর্ন (আইএফএফএম) সম্প্রতি অভিনেতাকে চলতি বছরের 'রাইজিং গ্লোবাল সুপারস্টার' মনোনীত করেছে। সেই উপলক্ষে পুরস্কৃত হবেন অভিনেতা এবং তার অভিনীত ছবি দিয়েই সেজে উঠবে ফেস্টিভ্যালের সিংহভাগ।

আগামী ১১ অগাস্ট মেলবোর্নে আয়োজিত ফিল্ম ফেস্টিভ্যালে কার্তিককে পুরস্কার তুলে দেবেন ভিক্টোরিয়ার গভর্নর। অনুষ্ঠানের মঞ্চে ছবি সমালোচক রাজীব মসনেদর সঙ্গে আলাপচারিতায় মাতবেন অভিনেতা। সূত্রের খবর- ফেস্টিভ্যালে অভিনেতার 'সত্য প্রেম কী কথা' এবং 'ভুলভুলাইয়া' ছবি দুইটির স্ক্রিনিং হবে। এ উপলক্ষে এক সাক্ষাৎকারে অভিনেতা জানিয়েছেন, আমি এই মর্যাদাপূর্ণ পুরস্কারের জন্য ভিক্টোরিয়ান সরকার এবং আয়োজকদের প্রতি গভীরভাবে কৃতজ্ঞ। ভারতীয় সিনেমায় কাজের জন্য এই স্বীকৃতি পাওয়াটা আমার কাছে ভীষণ সৌভাগ্যের। আমি সবসময় চলচিচত্রের মাধ্যমে গল্প বলার শক্তিতে বিশ্বাস করেছি। দর্শকের মন ছুঁয়ে যাওয়ার এই একটাই পথ। মেলবোর্নে সকলের সঙ্গে সিনেমার উদযাপনে মেতে ওঠার জন্য অপেক্ষায় আছি।

এই প্রসঙ্গে ফেস্টিভ্যাল ডিরেক্টর মিতু ভৌমিক লাঞ্জে জানিয়েছেন, কার্তিক আরিয়ান এই মুহূর্তে ভীষণ জনপ্রিয়। ভারতে তো বটেই, অস্ট্রেলিয়াতেও। অভিনয় দিয়ে সকলের মন জয় করেছেন তিনি।

## ওয়েস্ট ইন্ডিজে
# ভারতের সিরিজ জয়



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** পোর্ট অব স্পেনে ভারত-ওয়েস্ট ইন্ডিজ সিরিজের দ্বিতীয় টেস্টের শেষ দিনে মাঠে গড়ায়নি কোন বল। বৃষ্টির তোপে খেলা বন্ধ করতে বাধ্য হয়েছেন আম্পায়াররা। আর তাতেই সিরিজ জয় নিশ্চিত করলো রোহিত শর্মারা। শেষ টেস্ট ড্র হলেও ১-০ ব্যবধানে সিরিজ নিজেদের করে নিয়েছে ভারত। এটি ওয়েস্ট ইন্ডিজের মাটিতে তাদের টানা পঞ্চম সিরিজ জয়। প্রথম ইনিংসে ৬০ রানে ৫ উইকেট নিয়ে এই ম্যাচের সেরা হয়েছেন মোহাম্মদ সিরাজ। আর পুরো সিরিজে বল হাতে ১৫ উইকেট শিকারের সুবাদে সিরিজসেরার পুরস্কার পেয়েছেন রবিচন্দ্র অশ্বিন। এমন উইকেটে ক্যারিয়ার-সেরা বোলিং করে খুশি সিরাজ, 'ফাস্ট বোলারদের জন্য এই উইকেটে কোনো সহায়তা ছিল না। এই কন্ডিশনে যখন আপনি সফল হবেন, তা আপনাকে আত্মবিশ্বাসী করবে। আমার পরিকল্পনাটা সহজ ছিল এবং তা আমি বাস্তবায়ন করেছি।'

জাসপ্রিত বুমরাহ ও মোহাম্মদ শামির অনুপস্থিতিতে সিরাজের পারফর্মে বেশ সন্তুষ্ট ভারতীয় অধিনায়ক রোহিত শর্মা, 'এটা দেখে ভালো লাগছে, বুমরাহ ও শামির অবর্তমানে সিরাজ যেভাবে পেস আক্রমণকে নেতৃত্ব দিচ্ছে। আমরা অনেক দিন ধরেই টেস্টে ভালো করছি, আশা করছি আমরা এটা ধরে রাখতে পারব।'

এই টেস্ট ড্রয়ের ফলে ওয়ার্ল্ড টেস্ট চ্যাম্পিয়নশিপে কিছুটা পয়েন্ট পাবে স্বাগতিক ওয়েস্ট ইন্ডিজ। বিপরীতে পূর্ণ পয়েন্ট না পেয়ে স্বাভাবিকভাবেই কিছুটা হতাশ ভারতের অধিনায়ক রোহিত শর্মা।

## উড়ছে মায়ামি;
# মেসি জাদুতে এবার বিধ্বস্ত আটলান্টা



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** লিওনেল মেসিকে দলে ভেড়ানোর সুফল পাচ্ছে ইন্টার মায়ামি। খুদে জাদুকরের নৈপুণ্যে লিগ কাপে টানা দ্বিতীয় জয় পেয়েছে মায়ামি। মেসির জোড়া গোল ও এক এসিস্টে আটলান্টা ইউনাইটেডকে ৪-০ গোলে উড়িয়ে দিয়েছে মায়ামি।

মায়ামির হয়ে জোড়া গোল করেছেন লিওনেলে মেসি ও রবার্ট টেলর।

অভিষেক ম্যাচে ক্রুজ আজুলের বিপক্ষে বদলি হয়ে মাঠে নামেন মেসি। তবে আটলান্টার আগে আনুষ্ঠানিকভাবে মেসির কাঁধে ক্লাবের অধিনায়কত্ব তুলে দেন কোচ টাটা মার্টিনো। এতে করে দ্বিতীয় ম্যাচে শুরুর একাদশেই ছিলেন মেসি। শুরু একাদশে ছিলেন আগের ম্যাচে বদলি নামা অভিজ্ঞ সার্জিও বুসকেটসও। ম্যাচের অষ্টম মিনিটেই ইন্টার মায়ামিকে লিড এনে দেন লিওনেল মেসি। মাঝমাঠ থেকে বুসকেটসের বাড়ানো বল ধরে একক প্রচেষ্টায় গোল করেন মেসি। এটি ছিল মায়ামির হয়ে ক্যারিয়ারের দ্বিতীয় গোল। গোল পেয়ে খেলার ধার আরও বেড়ে যায় মায়ামির। যার ফল ম্যাচের ২২ মিনিটে ধরা দেয়। মাঝমাঠ থেকে বল টেনে বাঁ দিক দিয়ে ফাঁকায় থাকা রবার্ট টেলরকে পাস দেন মেসি। টেলর প্রতিপক্ষের ডি বক্সে ঢুকে ব্যাকপাসে মেসিকে দিলে সেখান থেকে দলের লিড দ্বিগুণ করেন বিশ্বকাপজয়ী অধিনায়ক।

বিরতির আগে গোলের দেখা পান রবার্ট টেলর। মিডফিল্ডার বেঞ্জামিন ক্রেমাচির কাছ থেকে বল পেয়ে ম্যাচের ৪৪ মিনিটে দলের লিড আরও বাড়ান রবার্ট টেলর। শেষ পর্যন্ত ৩-০ গোলে এগিয়ে থেকেই বিরতিতে যায় মায়ামি।

বিরতি থেকে ফিরে ম্যাচের ৫৩ মিনিটের সময় দলের লিড ৪ এ উন্নীত করেন টেলর। কাউন্টার অ্যাটাকে নিজেদের হাফ বল ধরে প্রতিপক্ষে ডিফেন্স ভেঙে টেলরকে পাস দেন মেসি। সেখান থেকে গোল করতে ভুল হয়নি তার। ম্যাচের ৭৮ মিনিটের সময় মেসিকে উঠিয়ে নেন কোচ টাটা মার্টিনো। এর চার মিনিট পর ৮২ মিনিটের সময় আরেক গোলদাতা টেলরকেও উঠিয়ে নেন কোচ। ম্যাচে তখন শেষের দিকে। কিন্তু ৮৪ মিনিটে নিজেদের ডি বক্সে প্রতিপক্ষ খেলোয়াড়কে টেনে ফেলে দিলে লাল কার্ড দেখে মাঠ ছাড়েন ক্রিস্টফার ম্যাকভি। কিন্তু সেখান থেকে প্রাপ্ত সুযোগ কাজে লাগাতে ব্যর্থ হন বিশ্বকাপজয়ী আর্জেন্টাইন থিয়াগো আলমাদা। তার নেয়া শট বাঁ দিকে ঝাপিয়ে আটকে দেন মায়ামি গোলরক্ষক। শেষ দিকে আর কোনো গোল না হওয়ায় ৪-০ গোলের জয় নিয়ে মাঠ ছাড়ে মায়ামি।

## পিএসজির বিপক্ষে
# হতাশায় পুড়লেন রোনালদো



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নতুন মৌসুম শুরুর আগে প্রাক-মৌসুমের লড়াইয়ে জাপানের ওসাকায় পিএসজির মুখোমুখি হয়েছিল ক্রিশ্চিয়ানো রোনালদোর আল-নাসর। ফরাসিদের প্রায় দ্বিতীয় সারির বিপক্ষেও গোল পাননি রোনালদো। একইসঙ্গে এই পর্তুগাল সুপারস্টার গোলের একাধিক সহজ সুযোগও হাতছাড়া করেছেন। শেষ পর্যন্ত গোলশূন্য ড্র নিয়ে উভয় দল মাঠ ছাড়ে।

এদিন (মঙ্গলবার) ম্যাচের শুরু থেকেই বল দখলে বেশ এগিয়ে ছিল পিএসজি। তবে বারবার আক্রমণ করেও তারা গোলের দেখা পাচ্ছিল না। অন্যদিকে, ম্যাচে রোনালদোর পাওয়া দারুণ দু'টি সুযোগই ছিল প্রথমার্ধে। ৩৯তম মিনিটে আবদুলরহমান ঘারিব ডি-বক্সে থাকা রোনালদোর উদ্দেশে দারুণ ক্রসিংয়ে বল দেন। সেখানে তার সামনে ছিলেন কেবল পিএসজি গোলরক্ষক জিয়ানলুইজি দোন্নারুমা। কিন্তু ওয়ান টাচে বলটি গোলরক্ষকের হাতে মেরে বসেন রোনালদো। ৪৩তম মিনিটে তিনি দ্বিতীয় সুযোগ পান। এবার অবশ্য সুযোগটা রোনালদো নিজেই তৈরি করেছিলেন। ডান প্রান্ত থেকে তালিসকার ক্রসে অসাধারণ এক বাইসাইকেল কিক নেন রোনালদো। কিন্তু তার সেই প্রচেষ্টাও অল্পের জন্য পোস্টের বাইরে দিয়ে যায়। যদিও রেফারি বাঁশি বাজিয়ে রোনালদোর অফসাইডে থাকার সিদ্ধান্ত দেন।

দ্বিতীয়ার্ধে পাওয়া রোনালদোর সুযোগটি কিছুটা কঠিনই ছিল। কিন্তু ডি-বক্সে তার নেওয়া শটটি ভালোভাবে পায়েই লাগেনি। এরপর দ্বিতীয় চেষ্টা করতে গিয়ে হারান বলও। এ নিয়ে টানা তিন প্রাক-মৌসুমের ম্যাচে তাকে জয়হীন থাকতে হলো। তবে এই ম্যাচের ড্র-টাই তার জন্য সান্ত্বনার। এর আগে সেল্টা ভিগো ও বেনফিকার বিপক্ষে তারা বড় হার দেখেছিলেন।

## পিএসজির অনুশীলনে
# ফিরেছেন নেইমার



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** নতুন মৌসুমকে সামনে রেখে পিএসজির অনুশীলনে ফিরেছেন ব্রাজিলিয়ান স্ট্রাইকার নেইমার। তবে পর্তুগীজ লেফট-ব্যাক নুনো মেনডেস ডান হ্যামস্ট্রিং ইনজুরির কারনে অনুপস্থিত রয়েছেন বলে ফরাসি চ্যাম্পিয়ন ক্লাব সূত্র নিশ্চিত করেছে। গত মে মাসে ২১ বছর বয়সী মেনডেস উরুর ইনজুরিতে আক্রান্ত হন। পরবর্তীতে আবারো তার হ্যামস্ট্রিংয়ে সমস্যা দেখা দেয়। তবে সেটা অনুশীলনের সময় নয় বলে পিএসজি নিশ্চিত করেছে। আগামী কয়েক সপ্তাহ তাকে বিশ্রামে থাকতে হবে। এদিকে মার্চের শুরুতে ৩১ বছর বয়সী নেইমারের ডান গোঁড়ালিতে অস্ত্রোপচার হয়েছিল। ইনজুরি কাটিয়ে দীর্ঘদিন পর দলে ফিরলেন ব্রাজিলিয়ান এই তারকা। এ সম্পর্কে পিএসজি বলেছে,ওগত সপ্তাহে ব্যক্তিগত অনুশীলন করার পর এ সপ্তাহে পূর্ণাঙ্গ অনুশীলনে নেইমারের ফেরার আশা করা হচ্ছে।

শারিরীক ও মানসিক পরীক্ষার পর পশ্চিমাঞ্চলীয় শহর পোইসিতে পিএসজির অনুশীন গ্রাউন্ডে সব খেলোয়াড়দের যোগ দেবার কথা রয়েছে। অনুর্ধ্ব-১৯ ইউরো বিজয়ী ইতালিয়ান মিডফিল্ডার চার এনডুরকে বিশ্রাম দেয়া হয়েছে। এদিকে পেশীর ইনজুরিতে থাকা ২০১৮ বিশ্বকাপ জয়ী ফরাসি তারকা প্রিনসেল কিম্পেম্বে মাঠের বাইরে রয়েছেন। আগস্টের শুরুতে তার মাঠে ফেরার আশা করা হচ্ছে।

# আবার পিসিবিতে মিসবাহ!



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** দুই বছর পর পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) সঙ্গে আবারও কাজ করতে যাচ্ছেন দেশটির সাবেক অধিনায়ক মিসবাহ-উল-হক। এবার অবশ্য তিনি কোচ কিংবা নির্বাচক হিসেবে ফিরছেন না। দায়িত্ব পেতে যাচ্ছেন ক্রিকেট কমিটির। এছাড়া পিসিবি প্রেসিডেন্টের ক্রিকেট উপদেষ্টা হিসেবেও কাজ করবেন তিনি।

জানা গেছে, নতুন দায়িত্ব পাওয়া পিসিবি প্রধান জাকা আশরাফ শিগগিরই 'ক্রিকেট কমিটি' গঠন করবেন। আর সেই কমিটির চেয়ারম্যান করবেন মিসবাহকে। এছাড়া তার ক্রিকেট বিষয়ক উপদেষ্টাও হবেন তিনি। অবশ্য এসব কাজের জন্য বেতন নিবেন না মিসবাহ। দু'টি জায়গায়ই তিনি সাম্মানিক পদে থাকবেন। সোমবার জাকা আশরাফের সঙ্গে বৈঠক করার পর উপরোক্ত দু'টি পদে কাজ করতে রাজি হন পাকিস্তানের সাবেক প্রধান কোচ মিসবাহ। তিনি ২০১৯ সালে পাকিস্তানের কোচ ও প্রধান নির্বাচকের দায়িত্ব পালন করেছিলেন। ২০২১ সালে রমিজ রাজা দায়িত্ব নেওয়ার পর পিসিবি থেকে সরে দাঁড়ান মিসবাহ। এরপর থেকে তিনি বিভিন্ন টেলিভিশন চ্যানেলে বিশেষজ্ঞ ও বিশ্লেষক হিসেবে কাজ করেছেন। অবশেষে তিনি আবার ফিরতে যাচ্ছেন পাকিস্তান ক্রিকেট বোর্ডে।

## এমবাপ্পেকে দেওয়া সৌদির
# লোভনীয় প্রস্তাব 'লুফে নিতে চান' দুই তারকা



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ফরাসি তারকা ফুটবলার কিলিয়ান এমবাপ্পেকে সৌদি আরবের দেওয়া লোভনীয় প্রস্তাব লুফে নিতে চান অন্য ক্রীড়া জগতের দুই তারকা। তারা হলেন- বাস্কেটবল তারকা লেব্রন জেমস ও জিয়ান্নিস আন্তেতোকুম্মপো। তবে তারা বিষয়টি নিয়ে নিছকই মজা করেছেন।

তারা কৌতুক করে বলেছেন, পিএসজি তারকা যদি আল হিলালের এ প্রস্তাবে রাজি না হন তাহলে লোভনীয় এ প্রস্তাব তারা লুফে নিতে চান।

গোল ডটকম জানিয়েছে, বিখ্যাত চলচ্চিত্র ফরেস্ট গাম্পের একটি দৃশ্যের জিআইএফ টুইট করে লেব্রন বলেছেন, এক বছরের জন্য এমন এক প্রস্তাব দিলে তিনি নিজে ওভাবেই দৌড়ে সৌদিতে যাবেন। ফরাসি তারকা কিলিয়ান এমবাপ্পের জন্য সৌদি আরবের ক্লাব আল-হিলাল ৩০০ মিলিয়ন ইউরো প্রস্তাব করেছে পিএসজিকে। দ্য অ্যাথলেটিকস জানিয়েছে, ফরাসি স্ট্রাইকারের সাথে সৌদি প্রো লিগ ক্লাবকে কথা বলার অনুমতিও দিয়েছে পিএসজি। ফুটবলের দলবদলে বিশ্বস্ত সাংবাদিক ফ্যাব্রিজিও রোমানো জানিয়েছেন, এমবাপ্পেকে দলে ভেড়াতে ৩০০ মিলিয়ান ইউরো খরচ করতে প্রস্তুত আল-হিলাল। যদিও দুইপক্ষের মধ্যে এখনও কার্যকরী কোনও আলোচনা হয়নি। গোল ডটকমের মতে, এ প্রস্তাব ফিরিয়ে দিতে যাচ্ছেন এমবাপ্পে। কারণ সৌদি প্রো লিগে খেলার কোনও ইচ্ছা নেই তার।

এমবাপ্পে রাজি না হলেও আল-হিলালের এমন অবিশ্বাস্য প্রস্তাব নিয়ে মজা করেছেন লেব্রন জেমস ও জিয়ান্নিস আন্তেতোকুম্মপো। এ দুই বাস্কেটবল তারকাই জানালেন, এমবাপ্পে না গেলেও আল-হিলালে যেতে চান তারা। সামাজিক যোগাযোগমাধ্যমে ফরেস্ট গাম্প চলচ্চিত্রে টম হ্যাংকসের দৌড়ানোর একটি ভিডিও পোস্ট করে লেব্রন জেমস লিখেছেন- রিচ পল ও মাভেরিক কার্টারকে ফোন করা মাত্রই আমি এক বছরের চুক্তিতে এভাবেই দৌড়ে সৌদি চলে যাব।

প্রসঙ্গত, রিচ পল হলেন জেমসের এজেন্ট আর মাভেরিক কার্টার তার বাণিজ্যিক অংশীদার। অন্যদিকে আরেক বাস্কেটবল তারকা জিয়ান্নিস আন্তেতোকুম্মপো টুইটে লিখেছেন, আল-হিলাল, তোমরা আমাকে নিতে পারো। আমি দেখতে কিলিয়ান এমবাপ্পের মতোই।

ইন্টার মায়ামিতে লিওনেল মেসির অভিষেক ম্যাচে হাজির ছিলেন লেব্রন জেমস। দুর্দান্ত ক্যারিয়ারে আর্থিকভাবে সবচেয়ে লাভজনক চুক্তিতে আছেন এই কিংবদন্তি। ২০২৩-২৪ এনবিএ মৌসুমে তিনি পাবেন ৩৭ মিলিয়ন পাউন্ড; যা এমবাপ্পেকে দেওয়া আল-হিলালের প্রস্তাবের চেয়ে অনেক কম।

## নিষেধাজ্ঞাসহ আরও যে শাস্তি
# পেলেন হারমানপ্রীত



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** বিতর্কিত কর্মকাণ্ডের জন্য নিষিদ্ধ হয়েছেন ভারত নারী ক্রিকেট দলের অধিনায়ক হারমানপ্রীত কৌর। এই প্রথম নারী ক্রিকেটার হিসেবে কোনো ম্যাচে নিষিদ্ধ হলেন হারমানপ্রীত।

বাংলাদেশের বিপক্ষে ওয়ানডে সিরিজে বিতর্কিত কর্মকাণ্ডের জন্য আগামী দু'টি আন্তর্জাতিক ম্যাচে তাকে নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। আইসিসির কোড অব কন্ডাক্টের দুটি ধারা ভেঙে এ শাস্তি পাচ্ছেন হারমানপ্রীত। এর আগে কোনো নারী ক্রিকেটারই এই পর্যায়ের অপরাধ করেননি। এছাড়া ম্যাচের পর বাংলাদেশ নারী ক্রিকেটারদের সঙ্গে তার আচরণও ছিল দৃষ্টিকটূ।

স্টাম্প ভাঙা ও আম্পায়ারিংয়ের সমালোচনা করায় হারমানপ্রীতকে ম্যাচ ফির ৭৫ শতাংশ জরিমানা করা হয়েছে। সঙ্গে ডিমেরিট পয়েন্ট পেয়েছেন তিনটি। ৫০ শতাংশ জরিমানা ও তিনটি ডিমেরিট পয়েন্ট দেওয়া হয়েছে ব্যাট দিয়ে স্টাম্প ভাঙায়। বাকি ২৫ শতাংশ জরিমানা করা হয়েছে আম্পায়ারিংয়ের সমালোচনা করায়।

এই শাস্তি মেনে নিয়েছেন হারমানপ্রীত কর। যার কারণে কোনো আনুষ্ঠানিক শুনানির প্রয়োজন পড়েনি।

আইসিসির লেভেল ২ ভঙ্গ করলে ম্যাচ ফি'র ৫০ বা ১০০ শতাংশ জরিমানা করা হয়। সঙ্গে দেওয়া হয় তিন বা চারটি ডিমোরিট পয়েন্ট। আর লেভেল এক ভঙ্গ করায় একটি বা দুটি ডিমেরিট পয়েন্টের সঙ্গে কাটা হয় ম্যাচ ফি'র ৫০ বা ১০০ শতাংশ।

সবমিলিয়ে মোট চারটি ডিমেরিট পয়েন্ট পেয়েছেন হারমানপ্রীত। এ কারণে ভারতের আসন্ন একটি টেস্ট অথবা দুটি ওয়ানডে বা টি-টোয়েন্টি ম্যাচে নিষিদ্ধ থাকবেন। বাংলাদেশ এবং ভারতের মধ্যেকার ওয়ানডে সিরিজ শেষ হয়েছে ১-১ সমতায়। সিরিজ নির্ধারণী শেষ ম্যাচে টানটান উত্তেজনার পর টাই হয়। ফলে দুই দল ট্রফি ভাগাভাগি করে নেয়। ওই ম্যাচে বিতর্কিত কর্মকাণ্ডের জন্য শাস্তি পেলেন হারমানপ্রীত।

## মেসি-বুসকেতসের পর
# মায়ামিতে আলবা



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** লিওনেল মেসি, সের্হিও বুসকেতস, কোচ জেরার্দো মার্তিনোর পর এবার যুক্তরাষ্ট্রের মেজর লিগ সকারের ক্লাব ইন্টার মায়ামিতে যোগ দিলেন জর্দি আলবা। এ যেন বার্সেলোনা তারকাদের পুনর্মিলন। খবর গোল ডট কমের।

এর আগে সদ্য সমাপ্ত মৌসুম দিয়ে বুসকেতসের মতো বার্সেলোনা থেকে বিদায় নেন আলবা। এ নিয়ে ইন্টার মায়ামির প্রেসিডেন্ট হোর্হে মাস মঙ্গলবার সংবাদমাধ্যমকে জানান,ওজর্দি এর মধ্যেই চুক্তি করে ফেলেছে এবং কয়েক দিনের মধ্যে দলে যোগ দেবে। তার ওপর ভরসা রাখছেন টাটা (কোচ জেরার্দো মার্তিনো)। অভিষেক ম্যাচের টিকিটের দাম কোটি টাকা

তারকা ডিফেন্ডার আলবা বার্সার হয়ে ১১ বছরের ক্যারিয়ারে সাড়ে চারশর বেশি ম্যাচ খেলে বর্ণাঢ্য অধ্যায়ের ইতি টানেন। কাতালান ক্লাবটির হয়ে একটি চ্যাম্পিয়নস লিগ, একটি ক্লাব বিশ্বকাপ, ৬টি লা লিগা, ৫টি কোপা দেল রে, চারটি স্প্যানিশ সুপার কাপ ও ১টি উয়েফা সুপার কাপ জিতেছেন এই ৩৪ বছর বয়সী।

বর্তমানে স্পেন জাতীয় দলের অধিনায়ক আলবা। আন্তর্জাতিক ম্যাচ খেলেছেন ৯৩টি। কদিন আগেই জিতেছেন উয়েফা নেশন্স লিগ। ২০১২ ইউরো জয়ী দলেরও সদস্য ছিলেন তিনি।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 19D, Jamir Lane, Kolkata -700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR